================================================================

আমি কখনোই সকাল সকাল ঘুম থেকে উঠে হাটতে বেরোই না - পৃথিবী নিজেই যখন ঘুরছে, তখন শুধু শুধু আমি কষ্ট করতে যাবো কেনো

=================================================================

বাঙালিরা কাউকে বিশ্বাস করে না, তাই তো ঘুমন্ত মানুষকেও জাগিয়ে তুলে জিজ্ঞাসা করে "কিরে ঘুমাচ্ছিলি ?"

==============================================================

Patient: “ডাক্তারবাবু আপনি দাঁত তুলতে পারেন” ?

Dentist: “হ্যা পারি, আমি একজন dentist”

Patient: “চলুন আমার দিদার দাঁতটা নর্দমায় পরে গেছে, একটু তুলে দেবেন”

==============================================================

- “কি রে, শুনলাম তোর নাকি তিনটে boyfriend” ?

- “হ্যাঁ রে , জিনিস পত্রের যা দাম বেড়েছে - আমি চাই না একজনের ওপর চাপ পড়ুক”

==============================================================

স্ত্রী : "পাউরুটিতে মধু মেখে দেবো খাবে" ?


স্বামী: "না না ওটা তো মৌমাছির মুখ দিয়ে বের হয় । কারো মুখ থেকে বের হওয়া খাবার আমি খাইনা"

স্ত্রী: "তাহলে একটা ডিম্ ভেজে দেবো" ?

==============================================================

স্ত্রী: "ডাক্তারবাবু আমাকে হাওয়াবদলে প্যারিস বা সুইজারল্যান্ড যেতে বলেছেন । কোথায় যাওয়া যায় বলোতো"
স্বামী: "অন্য ডাক্তারের কাছে"


(সংগৃহিত)






**Aarish Mitra**


TEA OF JAX
A place to talk!
INDIAN CHAI TEA
@teaofjax


Rod
REALTY CORP
Anil Goolla
Lic. Real Estate Sales - Realtor®
Cell:(901) 428-7954
anil98.real@gmail.com
EQUAL HOUSING OPPORTUNITY
REALTOR
MLS
4036 N Longvalley Rd.
Hernando, FL 34442
www.rodrealtycorp.com
Bus. (352) 419-4587

# THE THRONE OF SHADOWS

*A One-Act Play by Mayukh Das*

---

## NARRATOR'S PROLOGUE

*In the year 326 BCE, Alexander of Macedon's relentless march eastward brought him to the fierce mountain kingdoms beyond the Indus River. The Assacani people, led by Queen Cleophis and her son Assacanus, had assembled a formidable force—20,000 cavalry, 38,000 infantry, and 30 war elephants—to defend their homeland. Among their ranks stood 7,000 Kamboj mercenaries from Abhisara, led by the valiant Chiranjeev. After bitter fighting at Massaga, Assacanus fell in battle, and the fortress city's walls crumbled under Macedonian siege engines. Now, in the aftermath of defeat, three souls meet in the royal court of Assacani—each embodying a different response to destiny's harsh decree.*

---

## CHARACTERS

***ALEXANDER THE GREAT*** - *King of Macedon, age 30. Ambitious, calculating, driven by dreams of world conquest.*

***QUEEN CLEOPHIS*** - *Ruler of the Assacani, age 35. Pragmatic, dignified, recently bereaved mother.*

***CHIRANJEEV*** - *Commander of Kamboj mercenaries, age 40. Honor-bound warrior, fierce patrio*t.

---

## SET DESCRIPTION

*The throne room of the Assacani palace at Massaga. Stone pillars carved with ancient motifs rise to a vaulted ceiling. The queen's throne sits elevated on a dais, flanked by bronze braziers casting flickering shadows. Persian carpets cover portions of the stone floor. Through arched windows, smoke from the conquered city is visible. The atmosphere is heavy with incense and the weight of defeat.*

---

## SCENE

*(CLEOPHIS sits regally upon her throne, wearing dark robes of mourning. CHIRANJEEV stands to her right, hand resting on his sword hilt, still in battle-worn armor. ALEXANDER enters from stage left, accompanied by the sound of distant Macedonian trumpets. He wears a purple cloak over bronze armor, a diadem upon his head.)*

**ALEXANDER:** *(surveying the chamber)* So this is the seat of Assacani power. *(approaches slowly)* Your Majesty, I come not as conqueror alone, but as one who recognizes nobility even in defeat.

**CLEOPHIS:** *(rising with measured dignity)* Alexander of Macedon. Your reputation precedes you like wildfire across these mountains. I am Cleophis, daughter of Assacanus the Elder, mother of... *(pauses, pain flickering across her face)* ...of the fallen.

**CHIRANJEEV:** *(stepping forward)* And I am Chiranjeev of the Kambojas. Seven thousand swords follow my word, Greek. We do not bow to foreign gods or foreign kings.

**ALEXANDER:** *(with genuine respect)* Ah, the mercenary commander. Your men fought like lions at the gates. Tell me, warrior—what drives a man to die for gold rather than glory?

**CHIRANJEEV:** *(proudly)* Not gold, Macedonian. Honor. These mountains have known freedom since time immemorial. What coin could purchase a man's dharma?

**ALEXANDER:** *(thoughtfully)* Dharma... duty, is it not? Yet duty to whom? To these stones? *(gestures around)* To abstract notions that die with the men who hold them?

**CLEOPHIS:** *(intervening)* Enough philosophy for the moment. You have come to dictate terms, Alexander. Let us hear them plainly.

**ALEXANDER:** *(approaching the throne)* Direct speech. I appreciate that in a ruler. *(pauses)* But first, let me speak of what I see before me. A queen of remarkable... presence. Intelligence dancing behind eyes that have known sorrow. Beauty that would make Helen herself envious.

**CLEOPHIS:** *(coolly)* Flattery ill-suits a conqueror, my lord.

**ALEXANDER:** Not flattery—recognition. You interest me, Cleophis. In all my campaigns from the Danube to the Hydaspes, I have met few who carry defeat with such grace.

**CHIRANJEEV:** *(angrily)* You speak of our queen as if she were some prize to be claimed!

**ALEXANDER:** *(turning to CHIRANJEEV)* And you speak as if honor could turn aside bronze and iron. Tell me, commander—when your seven thousand lie dead in these hills, what will their honor have purchased?

**CHIRANJEEV:** A legacy that will burn in every heart from here to the Ganges! Every child will learn how the sons of Abhisara chose death over servitude!

**ALEXANDER:** *(admiringly)* Magnificent. Futile, but magnificent. You remind me of my teacher Aristotle's lessons on the tragic hero—noble in purpose, blind to consequence.

**CLEOPHIS:** *(standing)* Consequence. Now we approach the heart of matters. *(to CHIRANJEEV)* My faithful general, your courage honors our people. But courage without wisdom becomes mere waste.

**CHIRANJEEV:** Waste, my queen? To die as free men rather than live as slaves?

**CLEOPHIS:** *(walking down from the throne)* And what of those who would live after us? My son is dead, Chiranjeev. His body lies cold while we debate philosophy. No amount of honor will warm his flesh or bring wisdom to his lips again.

**ALEXANDER:** *(watching her intently)* You speak as one who has looked into the abyss.

**CLEOPHIS:** I speak as one who knows that death is an ending, not a beginning. I have seen no shade of my son return to counsel me. I have heard no voice from whatever realm claims the dead. We have only this—*(gestures around)*—this moment, this breath, this choice.

**CHIRANJEEV:** You sound like the Charvakas, my queen, denying all but material existence.

**CLEOPHIS:** I sound like a mother who will not see more sons die for abstractions. *(to ALEXANDER)* You mentioned terms, King of Macedon. State them.

**ALEXANDER:** *(moving closer to her)* Very well. You will retain your throne, but as my vassal. Your kingdom will provide tribute and soldiers for my campaigns. And... *(hesitating)*

**CLEOPHIS:** And?

**ALEXANDER:** I would have you as my wife, Cleophis. Not as conquered prize, but as partner in empire. Our union would legitimize my rule here while securing your people's future.

**CHIRANJEEV:** *(drawing his sword halfway)* By all the gods—!

**CLEOPHIS:** *(sharply)* Stay your blade, Chiranjeev. *(to ALEXANDER)* You offer marriage as politics?

**ALEXANDER:** I offer marriage because you fascinate me. But yes—our son could rule this land as legitimate heir to both lines. East and West joined not in conquest but in blood.

**CLEOPHIS:** *(after a long pause)* And if I refuse?

**ALEXANDER:** Then you share the fate of all who resist me. You have seen Massaga burn. You know my reputation.

**CHIRANJEEV:** *(passionately)* My queen, do not listen to this serpent! Better to die like your son than live as slave to these invaders!

**CLEOPHIS:** *(whirling to face him)* My son is dead, Chiranjeev! Dead and cold and gone forever! What solace is there in joining him when I might yet preserve something of our people?

**CHIRANJEEV:** What people? Ruled by Greeks? Worshipping Greek gods? Speaking Greek words? You would preserve the body while murdering the soul!

**ALEXANDER:** *(to CHIRANJEEV)* You speak of souls, warrior. Do you truly believe in them? Or do you simply fear facing a world where your courage means nothing?

**CHIRANJEEV:** *(stepping forward)* I believe in truth that outlasts bronze and iron. In dharma that survives the death of kings. You build empire on fear, Alexander. I build legacy on love—love of land, of people, of principle.

**ALEXANDER:** *(thoughtfully)* Love... yes, I understand that. I loved Hephaestion more than life itself. When he died, I nearly burned half of Babylon in grief. But love is another tool, Commander. Like fear, like hope, like ambition—it serves the will of great men.

**CLEOPHIS:** *(bitterly)* Tools. Always tools. Do you see anything in this world that is not merely means to your ends?

**ALEXANDER:** I see obstacles and opportunities. Mountains to cross or cities to capture. *(looking at her directly)* I see a woman whose intelligence could help me understand these eastern lands—and whose beauty stirs something I thought buried with my dearest friend.

**CLEOPHIS:** At least you are honest in your pragmatism.

**CHIRANJEEV:** *(desperately to CLEOPHIS)* My queen, remember the Gita's words—"Better is one's own dharma, though imperfectly performed, than the dharma of another well performed." This marriage would be another's dharma imposed upon you!

**CLEOPHIS:** *(sadly)* And yet Krishna also taught that action must be taken in this world, Chiranjeev. That duty to the living outweighs attachment to the dead.

**ALEXANDER:** *(to CHIRANJEEV)* Your sacred books... do they speak of the philosopher's stone that transmutes base metal to gold? I am that stone for nations, Commander. I take barbarism and forge civilization.

**CHIRANJEEV:** You take freedom and forge chains! Civilization built on conquest is no civilization at all!

**ALEXANDER:** *(smiling grimly)* And yet it endures. My father Philip's Macedonia will be remembered when your mountain kingdoms are dust. My name will echo through ages when yours is forgotten.

**CHIRANJEEV:** *(drawing his sword fully)* Then let us test which endures longer—your name or my steel!

**CLEOPHIS:** *(stepping between them)* Stop! Both of you! *(to CHIRANJEEV)* This is not the time for gestures. *(to ALEXANDER)* Nor for goading.

**ALEXANDER:** *(backing away, hands raised)* Peace, Commander. I admire your spirit too much to cut it short over words. In fact... *(pausing)* I have an offer for you as well.

**CHIRANJEEV:** *(suspiciously)* What offer?

**ALEXANDER:** Join me. You and your seven thousand. Serve in the greatest army ever assembled. See the world beyond these mountains—the deserts of Persia, the cities of Babylon, the wonders of Egypt. I could use men of your caliber.

**CHIRANJEEV:** *(incredulous)* You offer me service? To betray my people for your gold?

**ALEXANDER:** I offer you purpose beyond these hills. Your queen is wise—she sees that resistance means death. But you need not die uselessly. Join me, and your valor serves something greater than tribal loyalty.

**CHIRANJEEV:** *(looking to CLEOPHIS)* My queen... surely you cannot be considering his proposals?

**CLEOPHIS:** *(sitting heavily on the steps of her throne)* I am tired, Chiranjeev. Tired of death, tired of loss, tired of watching noble men die for noble causes that change nothing. Alexander offers life—compromised, diminished perhaps, but life nonetheless.

**CHIRANJEEV:** Life without honor is death by another name!

**CLEOPHIS:** *(looking up at him)* And honor without life is merely pride seeking justification for waste. *(standing, decision made)* Alexander of Macedon, I accept your proposal of marriage. But I have conditions.

**ALEXANDER:** *(pleased)* Name them.

**CLEOPHIS:** Spare the seven thousand mercenaries. Let them depart in peace to their homeland in Abhisara. They have served me faithfully—I would not see them slaughtered for loyalty.

**ALEXANDER:** *(after a pause)* Agreed. Though I regret losing such warriors to my cause.

**CHIRANJEEV:** *(staring at CLEOPHIS in shock)* My queen... you would marry this destroyer of cities?

**CLEOPHIS:** *(meeting his gaze steadily)* I would save what can be saved, Chiranjeev. You may call it cowardice. I call it wisdom born of loss.

**CHIRANJEEV:** *(dropping his sword)* Then I have failed you completely. Not in battle—there we acquitted ourselves with honor. But in counsel. I could not make you see that some things are worth any sacrifice.

**CLEOPHIS:** And I could not make you see that sacrifice without purpose is not noble—it is simply waste.

**ALEXANDER:** *(to CHIRANJEEV)* You are free to go, Commander. Take your men and depart. I bear you no ill will for choosing principle over pragmatism.

**CHIRANJEEV:** *(bending to retrieve his sword)* You are gracious in victory, Alexander. I grant you that. *(sheathing the weapon)* But know this—every drop of blood in my body, every breath in my lungs, every beat of my heart will be dedicated to driving your people from this sacred land. I may not live to see it, but one day the eagles of Macedonia will fall before the lions of the mountains.

**ALEXANDER:** *(respectfully)* I would expect nothing less from a man of your quality. May your gods grant you the death you seek, Commander.

**CHIRANJEEV:** *(to CLEOPHIS)* My queen... *(struggling for words)* I pray your choice brings you peace.

**CLEOPHIS:** *(softly)* And I pray your choice brings you glory, old friend.

*(CHIRANJEEV bows deeply to CLEOPHIS, nods curtly to ALEXANDER, and exits stage right. The sound of marching feet fades into the distance.)*

**ALEXANDER:** *(after a moment)* A remarkable man. It almost pains me to let him go.

**CLEOPHIS:** You gave your word. I trust you will honor it?

**ALEXANDER:** *(turning to face the audience, speaking as if to himself)* Honor... curious how different people define that word. Your commander would die for it. You would live for it. And I... *(pausing)* I would use it.

**CLEOPHIS:** *(approaching him)* What do you mean?

**ALEXANDER:** *(still facing away)* When I began this march from Macedonia, I made myself a promise. Absolute power over the known world—that was my vow. Every other oath, every other bond, every other word given serves that single purpose.

**CLEOPHIS:** *(growing alarmed)* Alexander... what are you saying?

**ALEXANDER:** *(turning to her with cold eyes)* I am saying, my dear queen, that I will indeed honor our marriage contract. But the mercenaries... *(shaking his head)* Seven thousand trained warriors returning to Abhisara to stir rebellion? No. That I cannot permit.

**CLEOPHIS:** *(backing away)* You gave me your word!

**ALEXANDER:** I gave you the word of a king seeking a throne. But I am no mere king, Cleophis. I am becoming something greater. Something that need not be bound by promises made to secure temporary advantage.

*(CLEOPHIS stares at him in horror as ALEXANDER moves toward the exit.)*

**ALEXANDER:** *(pausing at the threshold)* Do not look at me so. You made your choice based on pragmatism—I make mine on the same principle. The mercenaries will be overtaken before they reach the pass. Their sacrifice will secure our future together.

*(ALEXANDER exits. CLEOPHIS stands alone in the throne room, the weight of her decision crushing down upon her.)*

**CLEOPHIS:** *(to herself)* What have I done? In seeking to preserve life, have I simply chosen a different form of death?

*(Lights fade as distant sounds of battle echo from the mountains.)*

---

## NARRATOR'S EPILOGUE

*History records that Alexander indeed pursued the Kamboj mercenaries and slaughtered them all, despite his promise to Queen Cleophis. The marriage alliance proceeded, though whether Cleophis bore Alexander a son remains disputed among scholars. Alexander's eastern conquests would soon reach their limit at the Hydaspes River, where his own soldiers would finally refuse to march further. Within three years, the great conqueror would be dead in Babylon, his empire fragmenting even before his funeral pyre was lit. As for Chiranjeev and his ideals of honor unto death—they lived on in the countless rebellions that plagued Macedonian rule in these mountains, until eventually, inevitably, the eagles of the west fell before the enduring spirit of the east. In the end, perhaps all three philosophies proved both right and wrong—power corrupts, pragmatism costs, but ideals... ideals sometimes outlast empires.*

*(Curtain falls.)*

---

**THE END**

---

*This play explores the eternal tension between idealism, realism, and ambition through the lens of a pivotal moment in ancient history. Each character represents a different response to impossible circumstances, and none emerges entirely vindicated—a reflection of the complex moral landscape that defines human experience across all ages.*



Ishika Das

حلال
HALAL
FRESH MEATS



# তুমি তাই এসেছো নীচে

সুব্রত চট্টোপাধ্যায়

ছোটবেলায় একেবারে নীচের দিকের ক্লাসে আমি লেখাপড়ায় ভালো হলেও আমার বাংলা হাতের লেখা আশানুরূপ ছিল না। তখন আমি ক্লাস থ্রিতে পড়ি। একদিন বাংলা ক্লাসের নমিতা দিদিমনি এসে আমাকে বললেন, "রোজ দেখি তোর নিজের সব ক্লাস শেষ হয়ে যাবার পর তুই তোর দিদির শেষ ক্লাসের পাশের ঘরে বসে অপেক্ষা করিস, দিদির সঙ্গে বাড়ি যাবি বলে। চুপচাপ ওখানে বসে না থেকে ওই সময় হাতের লেখাটা তো একটু প্র্যাকটিস করতে পারিস। আমি কালকে ওই সময় ওই ঘরের ব্ল্যাকবোর্ডে কয়েকটা বাংলা সেন্টেন্স লিখে দিয়ে যাবো, বসে বসে সেগুলো খাতায় বার বার লিখে প্র্যাকটিস করবি আর পরের দিন এখানে ক্লাসে নিয়ে এসে আমাকে দেখাবি, কেমন ? " আমি রাজি হলাম। সেইমতো পরদিন নমিতা দিদিমনি এসে ব্ল্যাকবোর্ডে লিখে দিয়ে গেলেন :

" তাই তোমার আনন্দ আমার 'পর, তুমি তাই এসেছো নীচে --

আমায় নইলে, ত্রিভুবনেশ্বর, তোমার প্রেম হতো যে মিছে ।।"

লেখার পর বললেন, " কথাগুলোর মানে বুঝতে পারছিস ? না পারলে কালকে ক্লাসে এসে আমাকে বলবি, আমি তোকে বুঝিয়ে দেব। এটা কিন্তু ভগবানের উদ্দেশ্যে বলা কথা , মনে রাখবি "। দিদিমনি চলে গেলে আমিও লিখতে শুরু করলাম। বারবার লিখতে লিখতে কথাগুলো প্রায় মুখস্থ হয়ে গেলো। কিন্তু তার অর্থ কিছুই বুঝতে পারলাম না। ভগবানের নাম , অর্থাৎ দূর্গা, শিব, কালী ইত্যাদি শব্দ কোথাও নেই । তার ওপর নীচে নামা , আনন্দ, প্রেম, এসব কথা ভগবানকে কেন বলবে তাও বুঝে পেলাম না। দিদির হাত ধরে বাড়ি যাবার সময় জিজ্ঞেস করলাম কথা গুলোর মানে কি। দিদি তখন ক্লাস নাইনের ছাত্রী। তাই লেখাটা একবার দেখে নিয়ে কিছুটা হদিস দিলো। বললো , " এটা তো রবি ঠাকুরের একটা গান, আমি প্রায়ই গাই। ত্রিভুবনেশ্বর মানে তো ভগবান , আর উনি স্বর্গ থেকে নেমে এসে আমাদের পুজো নেন এই কথাই মনে হয় বলেছেন। তবে আনন্দ তো পুজোর সময় সবারই হয় কিন্তু, তা বলে ভালোবাসা মিছে হতে যাবে কেন সেটা তো ঠিক বুঝতে পারছি না। রাত্রি বেলা বাবা অফিস থেকে এলে জিজ্ঞেস করব। " রাত্রে বাবা অফিস থেকে ফিরলে আমি তাড়াতাড়ি ছুটে বাবাকে জিজ্ঞেস করতে যেতেই দিদি আমাকে আটকে দিলো। বললো " এখন নয়, বাবাকে একটু বিশ্রাম করতে দে।" সেই যে দিদি আটকে দিলো, সেই প্রশ্ন আর আমাদের জিজ্ঞেস করা হলো না। এর প্রধান কারণ নমিতা দিদিমনি পরের দিন এসে আগে থেকেই আর একটি নতুন গান বা কবিতার লাইন লিখে দিয়ে চলে গিয়েছিলেন। মনে হয় ওনার কোনও কাজের তাড়া ছিল। এর পর জানিনা কেন ওই দু লাইন গানের অর্থ জিজ্ঞেস করার কথা আমার বা দিদির কারও মনে ছিল না। হয়তো রোজই পড়াশোনার নতুন নতুন কাজের চাপে আমার বা দিদির কারওই আর ওই কথা মনে আসেনি । এখন মনে হয় প্রশ্নটা পরে ক' বার হয়তো মনে এসেছিলো কিন্তু জিজ্ঞেস করবো ভেবে তখনকার মতো মনে রেখেও পরে আবার হয়তো ভুলে গিয়েছিলাম।

যাই হোক এর প্রায় সাত আট বছর পরের কথা। তখন আমি সেন্ট জেভিয়ার্স কলেজে প্রি-ইউভার্সিটি সায়েন্স ক্লাসের ছাত্র। সে সময় সব কলেজে দশ বছরের স্কুল ফাইনাল কোর্স পাশ করা ছাত্রছাত্রীদের জন্য এক বছরের প্রি - ইউনিভার্সিটি কোর্স পড়ানো হতো যেটা পাশ করলে তারা এগারো বছরের হায়ার সেকেন্ডারি কোর্স পাশ করা ছাত্রছাত্রীদের সমকক্ষ হয়ে তাদের সঙ্গে থ্রি-ইয়ার্স ডিগ্রী কলেজ , ডাক্তারি , বা ইনজিযিয়ারিং কলেজে ভর্তি হতে পারতো । একদিন কলেজ যাবার পথে পার্ক স্ট্রিটের মোড়ে আমি টালিগঞ্জের ট্রাম থেকে নেমে পূবমুখে পার্ক স্ট্রিটে যাবো বলে বাস রাস্তা পেড়োতে উদ্যত হচ্ছি , হঠাৎ দেখলাম পিছন থেকে কে একজন শক্ত হাতে আমার ডান হাতটা চেপে কবিতার সুরে বলে চলেছেন , " এমন করিয়া মরণের পানে ছুটিয়া চলিতে আছে ? " আমি চমকে গিয়ে পেছনে তাকিয়ে দেখি আমাদের বাংলা ক্লাসের অধ্যাপক মনীন্দ্রবাবু। এঁকে আমরা মনীন্দ্র স্যার বা নামের আর পদবীর ইংরাজি আদ্যাক্ষর দিয়ে এম সি সি ( মনীন্দ্র চন্দ্র চক্রবর্তী ) বলে ডাকতাম। তিনিই আমার হাতটা শক্ত করে

ধরে আছেন। আবার সামনেই দেখি আমার প্রায় গা ঘেঁষে সামনে দিয়ে দু দুটো ডাবল ডেকার বাস চলে গেলো। পেছনের চলন্ত বাসটির পাদানি থেকে 'উজবুক', 'গ্রাম্য' বা ওই জাতীয় কিছু গালাগালও শোনা গেলো। লজ্জিত হয়ে মনীন্দ্র স্যারের কাছে ক্ষমা চেয়ে নিলাম আমার ভুলের জন্য। উনিও আমাকে সাবধানে রাস্তা পারাপারের

উপদেশ দিলেন। তার পরেই বললেন, " তুমিতো সুব্রত, তাই না ? প্রি - ইউনিভার্সিটি সায়েন্স এর বাংলা ভাষা ক্লাসের ছাত্র ? " আমি একটু আশ্চর্য্য হয়ে জিজ্ঞেস করলাম , " স্যার, আপনি আমাকে চিনলেন কি করে ? আমি তো সবেমাত্র এই কলেজে ভর্তি হয়েছি ? " উনি বললেন, " আমার ক্লাসে ছাত্র সংখ্যা বেশ কম , কারণ বাঙালি ছাত্রের সংখ্যা এই কলেজে বেশি নয়। তার ওপরে তোমাদের কোর্সটাও তো খুব ছোট আর নতুন। এই কদিনেই সব কজনকে চিনে ফেলেছি। তোমাকে তো এপর্যন্ত আমাদের আসন্ন শারদোৎসব অনুষ্ঠানের রিহার্সাল এ দেখিনি ? আমরা যে অংশগ্রহণ করার জন্য ছেলে খুঁজছি তুমি নোটিস বোর্ডে দেখোনি ? " আমি ব্যাপারটা জানলেও নতুন এসেছি এবং এখানে বাঙালি বন্ধুবান্ধব প্রায় নেই বলেই বিশেষ উৎসাহী ছিলাম না। সেটা জানাবার আগেই উনি বললেন " আমি কোনো কথা শুনছি না, তুমি কালকের রিহার্সালে আসবে। আমিই প্রতি বছর পুজোর আগে মহালয়ার দিনটির আশেপাশে একটা শুক্রবারের বিকেলে ছাত্রদের নিয়ে ঘন্টা দুয়েকের এই অনুষ্ঠানটা করি। এবছরে এখনো প্রায় দু মাস বাঁকি, কাল থেকে রিহার্সাল শুরু হবে। কঠিন কিছু নয়, কিছু নাচ, গান আর একটা ছোট নাটক , এই স্টুডেন্টদের দিয়েই করাই , আর কলেজের টাকায় বাইরে থেকে একজন রবীন্দ্রসঙ্গীতের গায়ক নিয়ে আসি। কলেজের অনুষ্ঠান বলে নামমাত্র দক্ষিণায় কেউ না কেউ আসেন। তোমার আসা চাই কিন্তু। " স্যারের সঙ্গে কথা বলতে বলতে ফ্রি স্কুল স্ট্রিট ক্রস করে আমরা কলেজে পৌঁছে গেলাম।

পরের দিন বিকেলে সব ক্লাস শেষ হয়ে যাবার পর রিহার্সাল দেখতে গেলাম। দেখি আমাকে জিজ্ঞেস না করেই আমার নামটা উনি কোরাসের দলে ঢুকিয়ে দিয়েছেন। ভেবে দেখলাম এটাই সবচেয়ে সোজা। দিদির সঙ্গে প্রায়ই পাড়ার ফাঙসনে কোরাসে গলা মিলিয়েছি। দিদি এখন অবশ্য বিয়ে হয়ে ধানবাদে শ্বশুরবাড়িতে আছে। তবে এখানে স্যার নিজেই বি এ ক্লাসের প্রশান্তদার সঙ্গে আমাদেরকে কোরাসের গানটা শেখাবেন আর গানটিও আমার সেই আট বছর আগে নমিতা দিদিমনির কাছ থেকে জানা " তাই তোমার আনন্দ আমার 'পর "। সেই পুরোনো ঘটনা গুলো একের পর এক ছবির মতো ভেসে এলো। বাবা ইতিমধ্যে স্বর্গগত , দিদিরও বিয়ে হয়ে গেছে। দাদা আর দুজন মেসোমশাই এখন আমার অভিভাবক।

মনীন্দ্র স্যার নিজেই গানটি শেখাবার আগে তার অন্তর্নিহিত ভাবটি ব্যখ্যা করলেন আমার এই আট বছরের ভুলে থাকা আবার সযত্নে মনে ধরে থাকা প্রশ্নটির নিরসন ঘটিয়ে। শরীরের মধ্যে একটা অদ্ভুত শিহরণ জাগিয়ে অশেষ কৃতজ্ঞতায় মনটা আমার ভরে উঠলো। তিনি কি বললেন সেটা এখানে তুলে ধরার চেস্টা করছি।

ভগবান আমাদের সৃষ্টি করেছেন তাঁর লীলাখেলার সঙ্গী করবেন বলে। "খেলিছ এ বিশ্ব লয়ে বিরাট শিশু আনমনে "। কিন্তু তাঁর একটি উদ্দেশ্য আছে এই খেলার পিছনে। তিনি চান আমরা প্রত্যেকে বহু জন্ম আর মৃত্যুর মধ্যে দিয়ে খেলতে খেলতে অবশেষে তাঁর সঙ্গে মিলিত হই এবং খেলার শেষে আগের মতো আবার তিনি একাকী পূর্ণ প্রকাশিত হয়ে নতুন খেলা শুরু করুন। তাঁর কাছে এটা জগৎ সংসার সৃষ্টি আর লয়ের খেলা হলেও আমাদের কাছে এটা কিন্তু বারংবার জন্ম আর মৃত্যুকে মেনে নেওয়ার খেলা। তিনি নিজে শুদ্ধ পরমাত্মা,পূর্ণতা এবং পবিত্রতা ছাড়া তাঁর মধ্যে আর কিছু নেই। কিন্তু খেলার সাথী হিসেবে আমাদেরকে ( জীবাত্মাদের ) গড়বার সময় তিনি প্রকৃতি দেবীকেও আমাদের সঙ্গীনি করে পৃথিবীতে পাঠিয়েছেন যার থেকে আমরা পেয়েছি মন,বুদ্ধি, অহংকার, ভোগেন্দ্রিয়, প্রভৃতি ভোগ আর বিলাসের প্রভূত উপায় আর উপকরণ । আমাদের এই অদম্য ভোগ বাসনা চরিতার্থ করার জন্য বহুবার জন্ম আর মৃত্যুর মধ্যে দিয়ে তাঁর সঙ্গে আমরা খেলে চলেছি। আমাদের খেলা শেষ করার কোনো উপায় নেই যতদিন না আমাদের এই প্রকৃতিকে তার ভোগবিলাসের বাসনা থেকে মুক্ত করে নিজেদেরকে পূর্ণ পবিত্র করে ভগবানের সঙ্গে মিলিত হবার উপযুক্ত করে তুলতে পারছি । ভগবান কিন্তু চাইছেন তাঁর জায়গা থেকে নীচে নেমে এসে তাঁর আনন্দ দিয়ে আমাদের পূর্ণ করে দিতে যাতে আমরা সম্পূর্ণ ভাবে প্রকৃতির গুণমুক্ত হয়ে খেলা সাঙ্গ করে তাঁর সঙ্গে মিলিত হই। আমরা যদি না থাকতাম তবে তাঁর এই খেলা আর আনন্দ সবই মিছে হতো। সেজন্যই তিনি ভগবান হয়েও বারবার তাঁর নিজের আসন থেকে নীচে নেমে আমাদের কাছে আসছেন। এই বিষয়গুলিকেই কবি " তাই এসেছো নীচে " বা "প্রেম হতো যে মিছে " বলেছেন। ত্রিভুবনেশ্বর ভগবান নিজেই নিজের ফাঁদে পড়েছেন। প্রথমে

বেশ একাই ছিলেন ,তারপর সৃষ্টির খেলা খেলবেন বলে আমাদেরকে নিয়ে বহু হলেন। শেষে এখন বারবার নীচে নেমে এসে খেলা সাঙ্গ করে আমাদের সঙ্গে যুগলসম্মিলনের জন্য অপেক্ষা করছেন। এই যুগল সম্মিলনের পর তাঁর সঙ্গে মিলে আমাদের মুক্তি আসবে, আর তিনি আবার নিত্য, সর্ব্যব্যাপী, একাকী, পূর্ণ প্রকাশিত হয়ে বিরাজ করবেন। "মুর্তি তোমার যুগল সম্মিলনে সেথায় পূর্ণ প্রকাশিছে "। পুরো গানটির মধ্যে দিয়ে কবিগুরু আসলে সৃষ্টিরহস্যের কথাই বলতে চেয়েছেন। মনীন্দ্র স্যারের এই বক্তব্যের মধ্যে দিয়ে আমার এতদিনের প্রশ্নের উত্তরটি খুঁজে পেলাম। এখনো সৃষ্টি রহস্যের অর্থ খুঁজে পেতে মাঝে মাঝেই আমি গীতবিতানের পূজা অধ্যায়টি খুলে বসি । এরকম আরো অনেক গান সেখানে আছে।

---






PATEL®
BROTHERS
50
Golden
Anniversary



**By Deepa Mukherjee**

প্রণাম নেবার একটা বয়স আছে। যখন মানুষের আর কিছু নেবার থাকে না তখনই প্রণম্য হয়ে ওঠে। কিন্তু তার প্রস্তুতি যৌবন থেকেই শুরু করতে হয়। সে বড় কঠিন হোমটাস্ক। রাগ অভিমান সব যৌবনের অলংকার। বার্দ্ধক্যের কণ্ঠে ঝোলে উদাসীনতার লকেট। তখন যন্ত্রণা নির্জনে সহ্য করতেই ভালোলাগে। অতীত যখন মনে এসে ভিড় করে তখন বুঝি বয়স বেড়েছে। সে তো আর আমার কাছে আসতে পারবে না তাই আমিই শুরু করি ছবির সাথে ভাষাহীন সংলাপ। ছবি বলে যদিও আপনার জন সতত আপন। কিন্তু দীর্ঘায়ু ব্যক্তির আয়ুতেই আপদ। বৈরাগ্য সাধনে নাকি মুক্তি।

ধুস! বৈরাগ্যের ছিটেফোঁটাও আমার নেই। রবিবার সকালে ফুলকো ফুলকো লুচি আর কালোজিরে কাচালঙ্কা দিয়ে সাদাআলুর তরকারি এখনো আমাকে নিশি ডাকের মত রান্না ঘরে টেনে আনে। ভয়ডর তো ছোট থেকেই কম। ভূতের সাথে দেখা তো এ জীবনে হলো না। আর মেয়েদের জীবন তো এখন আর বর্ণপরিচয়ের অক্ষরে সীমাবদ্ধ নয়। ' অ' এখন আর অজগর তেড়ে আসেনা। 'আ' আম পাড়া অত সহজ নয়।'ই' ইঁদুর ছানা থুড়ি মানুষের ছানা এখন আর ভয়ে মরে না। ইমোশান কে বসে বসে পাখার বাতাস করার সময় আর কার আছে?

জীবন এখন অরোরা বোরিয়ালিস। কত রংএর ছটা। রাতের অন্ধকারে আমার বারন্দার সামনে বেলগাছে ব্রহ্মদত্যি নাকি আছেন। রাতের অন্ধকারে আমি তাকে দেখার চেষ্টা করি। আমি ভয় পাইনা শুনে, এখানে সবাই বলেছে যেদিন তিনি প্রপোজ করতে বারন্দায় আসবেন বুঝবে ঠেলা। যদি আসেন ভেবে রেখেছি একসেপ্ট করে নেব কারন এখন তো আমারও ভুত হবার সময় আগে ভাগে যদি বাসস্থান টা দেখা হয়ে যায় তবে পরে কোথায় থাকতে হবে একটা ধারণা হয়ে গেলে মন্দ কী? এটা ভেবেই সাহস টা আরও বাড়ে এখন আর রাতের অন্ধকারে নীচে নামলে খাটের তলায় কেউ পা টানতে পারে মনে হয় না। তবে পূন্য র ভাড়ার শূন্য। তাই নিজেকেই ঘুড়ি ওড়াবার মত সুতো তে হেচোড প্যাঁচোড় করে আকাশে ওড়াতে হবে।ঘটার আগার ঘটনা এখন বেশ দেখতে পাই। ধূস এর থেকে ধরাধামে এখন নিজেকেই ইলিশ খাওয়াই। পৈলান হাটে সারি সারি বরফের চাঁই কাঠের গুড়োয় মাখামাখি।তার ওপর শুয়ে আছে ইলিশের দল। বরফের চাংড থেকে ধোঁয়া বের হচ্ছে। মরা ইলিশের ভাবলেশ হীন চোখ যেন আমায় প্রশ্ন করছে," কী রে আগুন ছাড়া কখনও ধোঁয়া দেখেছিস? জোরকরে কী আর বৈরাগ্য আনা যায়। তবে করি কী? হরিদ্বারের গঙ্গার সন্ধ্যায় দৃশ্য ভেসে উঠল। সারি সারি ভেসে চলেছে ফুল আর প্রদীপে ভরা শালপাতার নৌক। হাজার হাজার ভক্তের কত রকমের মনোবাসনা নিয়ে। কী জানি মহাদেবের সাধ্য আছে কি তা মনে রাখার। তবে আমি আর ঝামেলা না বাড়িয়ে এই যেমন আছি তাই থাকি। নিজের দরজায় নিজেই প্রহরী। মাঝে মাঝে তালা দিয়ে বেড়িয়ে পড়ি। আবার তালা খুলে গৃহপ্রবেশ। আর চেষ্টা করি গেরুয়া বসনে নয়, মনে সন্ন্যাস আনার। পায়ে ব্যথা থাকলেও দেখি কবে লক্ষ্যে পৌঁছতে পারে এই পঙ্গু।

---



# মৃত্যুব্যবসা

অমলেন্দু ধর

মানুষ মরণশীল। শুধু মানুষ নয় প্রাণী মাত্রেই মরণশীল। প্রাণী কেন, উদ্ভিদও মরণশীল। এক কথায় যার জন্ম আছে তার মৃত্যুও আছে। মৃত্যু নিশ্চিত জেনেও আমরা কেউ মরতে চাই না। মৃত্যুকে ভয় পাই। মৃত্যু আবার কয়েক ধরণের আছে। স্বাভাবিক মৃত্যু, দুর্ঘটনাজনিত মৃত্যু, হত্যা, আত্মহত্যা ইত্যাদি। আবার অনেক সময় জীবিত থেকেও মানুষ মরে যায়। যার কোন আকাঙ্ক্ষা নেই, কাজ নেই, চিন্তা নেই, পরিবার বা সমাজ নিয়ে কোন ভাবনা নেই তাকেও মৃত বলে ধরে নেওয়া যায়।

মৃত্যুকে ভয় পাওয়ার একাধিক কারণ রয়েছে। স্বাভাবিক মৃত্যুর আগে নানা অসুখে ভুগতে হয়। অসুখ দীর্ঘস্থায়ী হলে কষ্ট বেড়ে যায়, আত্মীয়স্বজনের অবজ্ঞার পাত্র হতে হয়। পরিবারের লোকজনও অতিষ্ঠ হয়ে পড়েন। বয়স্ক লোকজন যখনই একত্রে বসে গল্প করেন সেখানে এনিয়ে আলোচনা হয়। সকলের একই কামনা মৃত্যু যেন হঠাৎ চলে আসে। বিছানায় যেন পড়ে থাকতে না হয়। মৃত্যুকালীন কষ্ট ছাড়াও মৃত্যুকে ভয় পাওয়ার অন্য একটি বড় কারণ আছে।

ধর্ম। ধর্ম প্রচারকরা মানুষের মনে এমন ধারণা তৈরি করেছেন যে মৃত্যুর পর তাকে বিচারের সম্মুখীন হতে হবে। বর্তমান জীবনে কেউ যদি ধর্মকর্ম বেশি করেন তবে তিনি স্বর্গে যাবেন বা মোক্ষলাভ করবেন। মোক্ষলাভ মানে জীবনচক্র থেকে মুক্তিলাভ করবেন। এই জীবনচক্র আবার সকল ধর্মে নাই, আছে সনাতন ধর্মে। সনাতন ধর্মমতে চুরাশি লক্ষবার জন্ম নেওয়ার পর মানবজন্ম পাওয়া যায়। বর্তমান জীবনে যতবেশী ধর্মকর্ম করবেন তত ভালো প্রাণীর গর্ভে জন্ম হবে। নাহয় কীট পতঙ্গরূপে জন্ম নিয়ে কষ্ট করতে হবে। জীবনচক্র এবং স্বর্গ –নরক পরস্পরবিরোধী ধারণা। গীতার উক্তিমত আত্মা যদি দেহ পরিবর্তন করে তবে স্বর্গ বা নরক পাবার তো সম্ভাবনাই থাকে না। হয়তঃ বলবেন নিম্নশ্রেণীর প্রাণীতে জন্ম নেওয়্র নামই নরকভোগ আর উচ্চ শ্রেণীর প্রাণীর গর্ভে জন্ম নেওয়াই স্বর্গসুখ। আর পুনর্জন্ম না হলেই মুক্তি লাভ। তার মানে কঠোর ধর্মীয় বিধিনিষেধ পালন করে, কৃচ্ছ্রতা সাধন করে, ভোগবিলাস ত্যাগ করে, ব্রাহ্মণ-বৈষ্ণবদের ভক্তি ও দান দক্ষিণা করে পূণ্য অর্জন করে মৃত্যু হলে মোক্ষলাভের সম্ভাবনা থাকে। ধরে নিলাম মোক্ষলাভ হলো, কিন্তু এতসব কৃচ্ছ্রসাধন করে তো কিছুই পাওয়া গেল না। অন্য একটি ধর্মে আছে সকল মৃত মানুষের আত্মা এক জায়গায় জড়ো হবে এবং সবার বিচার এক সাথে হবে। কখন যে এই বিচার হবে কেউ জানেন না।

সকল ধর্মই বলে শরীর মরে যায়, কিন্তু আত্মা জীবিত থাকে। দেহত্যাগের পর এই আত্মা পারলৌকিক বিচারের সম্মুখীন হয়। সনাতন ধর্মজীবীরা বলেন মানুষ যেমন পুরাতন বস্ত্র ত্যাগ করে নতুন বস্ত্র পরিধান করে আত্মাও পুরাতন দেহ ত্যাগ করে নতুন দেহে ঢুকে যায়। আত্মা যদি নতুন দেহে ঢুকেই যায় তাহলে লক্ষ লক্ষ টাকা ব্যয় করে, কায়িক পরিশ্রম করে, সময় নষ্ট করে শ্রাদ্ধাদি কার্য করার প্রয়োজন কি? মৃতব্যক্তি তার কার্য ও পূণ্যের পরিমাণ অনুযায়ী অন্য একটি দেহে ঢুকে যান। অর্থাৎ আত্মা কর্মানুযায়ী অন্য একটি দেহে ঢুকে যাবার পর মৃত্যুর পর তার সন্তানদের উপর এতো আর্থিক ও দৈহিক নির্যাতন কেন? তার পুত্র সন্তানদের হবিষান্ন ভোজন করতে হবে, স্বাভাবিক খাবার খাওয়া যাবে না, স্বাভাবিক পোষাক পরা যাবে না, ভালো বিছানায় ঘুমানো যাবে না, নিজে প্রস্তুত করে খাবার খেতে হবে, অন্যদের স্পর্শ করা মানা ইত্যাদি কত যে বিধি বিধান। চারদিনের মাথায় চতুর্থা, দশম দিনে দশার পূরক দিতে হবে, ত্রিশতম দিনে শুদ্ধ হতে হবে এবং পরদিন শ্রাদ্ধ করতে হবে। ব্রাহ্মণদের জন্য নিয়ম অনেকটা শিথিল। অবশ্য বর্তমানে যার যখন ইচ্ছে শ্রাদ্ধ করেন। ব্রাহ্মণ ছাড়াও কেউ এগারো দিনে, কেউ তেরো দিনে আবার কেউ ষোল দিনেও শ্রাদ্ধ করেন। ব্রাহ্মণরা তাদের জজমানদের ইচ্ছেমতো যে কোনদিন শ্রাদ্ধাদি কার্য সম্পাদন করতে এখন আর তেমন আপত্তি করেন না। কারণ প্রাপ্তিযোগ। পিতা/মাতাকে স্বর্গে পাঠানোর অজুহাতে পিতৃ/মাতৃহারা সন্তানকে মানসিক চাপে ফেলে বিপুল অর্থ ও দ্রব্যসামগ্রী আদায় করা হয়। এগারো দিনে শ্রাদ্ধ করাতে অস্বীকৃত হলে মক্কেল অন্য ব্রাহ্মণের কাছে চলে যাবে। তাতে বিপুল আর্থিক ক্ষতি। তাই কর্তার ইচ্ছায় কীর্তন চলছে।

ইদানিং হিন্দুদের মধ্যে গুরুবাদের প্রভাব অনেক বেড়েছে। গুরুরা নিজেদের বৈষ্ণব বলে দাবী করেন। আগে দেখতাম বৈষ্ণবরা সংসার ত্যাগ করে কোন মন্দির বা আশ্রমে চলে যেতেন। এখন পুরোমাত্রায় সংসারী থেকেও বৈষ্ণব হওয়া যায়। বৈষ্ণবরা আর আগের মতো ভিক্ষান্ন গ্রহণ বা জীর্ণ বস্ত্র পরিধান করেন না। তাদের কেউ কেউ দেখি অতিমাত্রায় বিলাসী জীবন যাপন করেন। বর্তমানে ব্রাহ্মণরা সমাজ নিয়ন্ত্রণ করেন না। নিয়ন্ত্রণ চলে গেছে গুরুদের

কাছে। শিষ্যরা কি খাবে না খাবে, কি কি উপলক্ষে উপোষ থাকতে হবে, নিরামিষ খেতে হবে, কেমন পোষাক পরতে হবে, গলায় কিসের এবং কেমনভাবে মালা পরতে হবে ইত্যাদি সবই তাদের নির্দেশের আওতায়। তুলসী পাতা ব্যবহারের ধর্মীয় নিয়মাদি নিয়ে পুরো একটি বই লেখা যাবে। এই গুরুরা কিছুদিন পর পর শিষ্যদের দর্শন দিতে আসেন। তাদের আগমন বার্তা পাওয়ার সাথে সাথে শিষ্যরা তার পদসেবার ব্যাপক প্রস্তুতি নেন। গুরুদেবকে সন্তুষ্ট রাখলে স্বর্গ নিশ্চিত এমন ধারণা এখন হিন্দুদের এক বিরাট অংশের মস্তিষ্কে ঢুকে গেছে। এই সুযোগে গুরুদেবরা এখন পুরোদস্তুর বিত্তশালী। শুরু হয়েছে বংশগত গুরু ব্যবসা।

আবার মৃত্যু পরবর্তী অনুষ্ঠানাদির প্রসঙ্গে ফিরে আসি। শ্রাদ্ধ সম্পন্ন হলো, ব্রাহ্মণ তার প্রাপ্য আদায় করে নেয়ার পর এখন বৈষ্ণবদের পালা। চল্লিশ দিন পার হলে হবিষ্যান্ন ত্যাগ করে শাকান্ন খাওয়ার অনুমতি পাবে পুত্রেরা। এই শাকান্ন পেতে হলে দিতে হবে বৈষ্ণবভোগ। এক্ষেত্রেও খরচের বিশাল তালিকা। ভূরিভোজ করাতে হবে শত শত লোককে। এরপর মৃতের অস্তি বিসর্জন দিতে হবে প্রয়াগরাজের ত্রিবেণী সঙ্গমে, পিণ্ড দিতে হবে গয়ায় গিয়ে। গয়াশ্রাদ্ধ শেষে বাড়ী ফিরে আয়োজন করতে হবে বিশাল কীর্তন। শুধু গুরু ও পুরোহিতরাই মৃত্যুর উপকারভোগী নন। বস্ত্রব্যবসায়ী, বাসনপত্রব্যবসায়ী, বিছানাব্যবসায়ী থেকে শুরু করে নাপিত ধূপা সবাই উপকারভোগী। এমন কি পাড়া পড়শীও উপকারভোগী। তারা পিতৃ/মাতৃহারা সন্তানদের ঘাড়ে বসে কয়েকবার ভুরিভোজন করতে পারেন। এই সকল উপকারভোগের সুযোগ তৈরি হয় ধর্মীয় বিধানের মাধ্যমে। মা/বাবা মারা গেলে তাদের মৃত্যু পরবর্তী আনুষ্ঠানিকতা সম্পন্ন করতে গিয়ে বহু মধ্যবিত্ত দারিদ্রসীমার নীচে চলে যান। ব্রাহ্মণ, বৈষ্ণব, সমাজপতি কেউ সেদিকে ভ্রূক্ষেপই করেন না। অবস্থাদৃষ্টে মনে হয় ঈশ্বর মানুষ সৃষ্টি করেছেন তাকে পরীক্ষা করার জন্যে। পরীক্ষা করতে হলে তিনি কি কি ভালো কাজ করেছেন, কতটুকু সৎ ছিলেন ইত্যাদি বিবেচনায় নিতে পারেন। কিন্তু কে সারাদিন উপোষ করলো, কতবার ধর্মগ্রন্থ পড়লো, কোন কোন তীর্থ ভ্রমণ করলো, কপালে নিয়মিত মোহর অংকন করে কি না ইত্যাদি বাজে বিষয় নিয়ে ঈশ্বর মাথা ঘামাতে যাবেন কেন? ধর্মজীবীরা কদাপি সমাজকল্যাণের কথা বলেন না। তাদের উপদেশ হলো সারাদিন ঈশ্বরকে (বেশিরভাগ ক্ষেত্রেই ছদ্মবেশী প্রতারককে) ডাকতে হবে। গুরু পুরোহিতকে সন্তুষ্ট রাখতে হবে। সমাজের উপকার হয় না, কায়িক ক্লেশ হয়, অনর্থক অর্থব্যয় হয় এমন বিধানাদি ধর্ম হয় কিভাবে?

উপরে উল্লিখিত মৃত্যু পরবর্তী প্রতিটি অনুষ্ঠানের লক্ষ্য হলো মৃতের আত্মাকে স্বর্গে পাঠানো বা নরকজ্বালা থেকে রক্ষা করা। জীবিত থাকতেও অহোরাত্রি নানা ধর্মীয় কার্যাদি সম্পন্ন করা হয় মৃত্যু পরবর্তী সুখশান্তির জন্য। মানুষ মৃত্যুর পরের সুখের আশায় বাস্তব জীবনে কঠোর কৃচ্ছ্রতা সাধন করেন। এসব নাকি আবার ধর্মেরই বিধান। ধর্মগুলোর মূল টার্গেট মৃত্যু। মৃত্যু নিশ্চিত। কিন্তু মৃত্যুর পর আবার জন্ম নিবে, বিচার হবে, সুখ পাবে, শাস্তি পাবে এসব কথার কোন বাস্তব বা বৈজ্ঞানিক ভিত্তি আছে কি ? না। শুধুই বিশ্বাস। যুক্তিহীন বিশ্বাস। প্রমাণহীন বিশ্বাস, অন্ধ বিশ্বাস। ধর্মব্যবসায়ীদের আসল পূঁজি হলো মৃত্যু। মারা যাওয়ার আশঙ্কা না থাকলে ধর্ম বলে কিছুই থাকতো না। মানুষের জীবন হতো আরেকটু শান্তিময়। এখন মানুষকে ভাবতে হবে তারা মৃত্যুর আগে সুখ চান, না মৃত্যুর পরে।






**Debdeep Mukhopadhyay**

naq GLOBAL
Fertilizer Quality Improvement
Green Technology®


**Avdhesh Mathur**
President and CEO


**Dr. Deepa Mathur**
Managing Director


**Fernanda Dias**
VP Operations
& Technology Americas


**Prakash Mathur**
VP Global Business
Development


**Devika Mathur**
Director Commercial


**Anmol Mathur**
Technologist

To feed the teeming billions, we need intensive agriculture;
for efficient agriculture, we need high quality fertilizer!

NAQ GLOBAL provides specialized products and expert technical services for fertilizer mining, process and quality improvement.

www.naqglobal.com
info@naqglobal.com

| SOUTH AMERICA | NORTH AMERICA | AFRICA | ASIA |
| --- | --- | --- | --- |
| +55 34 3325 0800 | +1 904 551 6661 | +212 668 69 6962 | +91 77 2888 6215 |

# বেদান্ত দর্শন: বিভিন্ন মতবাদের বিস্তারিত ব্যাখ্যা, উদাহরণ ও প্রামাণিক আলোচনা

ভূমিকা

বেদান্ত দর্শন ভারতীয় দার্শনিক চিন্তার এক অপরিহার্য ও গভীরতম অংশ। এটি উপনিষদের চিন্তাভাবনাকে সংহত করে ব্রহ্মসূত্রের মাধ্যমে তাত্ত্বিক ভিত্তি দেয় এবং ভগবদ্গীতার মাধ্যমে ব্যবহারিক প্রয়োগ ঘটায়। বেদান্ত শুধু একটি দর্শন নয়, এটি মানবজীবনের চরম লক্ষ্য—মোক্ষ বা মুক্তি—প্রাপ্তির এক বহুমুখী পথ।

এই প্রবন্ধে আমরা বেদান্তের পাঁচটি প্রধান মতবাদ—অদ্বৈত, বিশিষ্টাদ্বৈত, দ্বৈত, দ্বৈতাদ্বৈত ও শুদ্ধাদ্বৈত—এর প্রতিটি মূল তত্ত্বকে বিস্তারিতভাবে ব্যাখ্যা করব। প্রতিটি বুলেট পয়েন্টকে সহজ উদাহরণ, প্রামাণিক উদ্ধৃতি, আচার্যদের ভাষ্য এবং আধুনিক দার্শনিকদের মন্তব্য দিয়ে সমৃদ্ধ করা হয়েছে।



১. অদ্বৈত বেদান্ত (শঙ্করাচার্য)

প্রতিষ্ঠাতা: আদি শঙ্করাচার্য (৭৮৮–৮২০ খ্রিস্টাব্দ)

প্রধান গ্রন্থ: ব্রহ্মসূত্র ভাষ্য, উপনিষদ ভাষ্য, ভগবদ্গীতা ভাষ্য

(ক) ব্রহ্ম একমাত্র সত্য (সত্যং)

ব্যাখ্যা:

শঙ্কর বলেন, ব্রহ্ম একমাত্র চিরসত্য। এটি নির্গুণ (গুণহীন), নিরাকার, অপরিচ্ছিন্ন এবং স্বয়ংসিদ্ধ। এই ব্রহ্ম কারণ, কার্য, স্থান, কাল বা ক্রিয়ার ঊর্ধ্বে। ব্রহ্ম ছাড়া অন্য কিছুই চূড়ান্ত সত্য নয়।

উদ্ধৃতি:

"সর্বং খল্বিদং ব্রহ্ম" — ছান্দোগ্য উপনিষদ ৩.১৪.১

(এই সমস্তই প্রকৃতপক্ষে ব্রহ্ম)

প্রামাণিক মন্তব্য:

সর্বপল্লী রাধাকৃষ্ণন বলেন, "অদ্বৈত বেদান্ত বলে যে বাস্তবতা এক, অনন্ত এবং অবিভাজ্য। বহুত্ব কেবল অজ্ঞানের ফল।" (Indian Philosophy, Vol. II, p. 298)

সহজ উদাহরণ:

আপনি একটি মেঘ দেখছেন এবং মনে হচ্ছে এটি একটি হাতি। কিন্তু মেঘ আসলে কেবল জলীয় বাষ্প। হাতি আপনার মনের কল্পনা। এখানে:

মেঘ = ব্রহ্ম (সত্য)

হাতি = জগৎ (মায়া)

কল্পনা = অবিদ্যা

অদ্বৈত বলে: জগৎ ব্রহ্ম ছাড়া আর কিছু নয়। আপনি যখন বুঝবেন "আমি ব্রহ্ম" (অহং ব্রহ্মাস্মি), তখন সমস্ত ভ্রান্তি ঘুচবে।

(খ) জগৎ মায়া বা অবিদ্যার কারণে প্রতীয়মান (মিথ্যা)

ব্যাখ্যা:

"মায়া" শব্দের অর্থ কেবল মিথ্যা নয়, বরং এটি এক অদ্ভুত শক্তি যা বাস্তবকে ভিন্নভাবে দেখায়। শঙ্কর মায়াকে "অনির্বচনীয়" বলেন—না সত্য, না মিথ্যা। এটি স্বপ্নের মতো: স্বপ্নে সব কিছু সত্য মনে হয়, ঘুম ভাঙার পর বোঝা যায়

সব কিছুই ছিল মনের সৃষ্টি।

উদ্ধৃতি:

"ব্রহ্ম সত্যং জগন্মিথ্যা জীবো ব্রহ্মৈব নাপরঃ"

(ব্রহ্ম সত্য, জগৎ মিথ্যা, জীব ব্রহ্ম ছাড়া আর কিছু নয়)

প্রামাণিক মন্তব্য:

ড. রাধাকৃষ্ণন বলেন, "মায়া হল বাস্তবতাকে আবৃত করার শক্তি, যা জীবকে তার প্রকৃত স্বরূপ থেকে বিচ্ছিন্ন করে।" (The Principal Upanishads, p. 78)

সহজ উদাহরণ:

আপনি অন্ধকার ঘরে রশ্মি দেখে ভয় পাচ্ছেন ভেবেছেন সাপ। আলো ফেলার পর বুঝলেন—এটা তো রশ্মি!

সাপ = জগৎ (মায়া)

রশ্মি = ব্রহ্ম (সত্য)

ভয় = অবিদ্যা

আলো = জ্ঞান

জ্ঞান হলে ভয় চলে যায়।

(গ) জীবাত্মা ও পরমাত্মা মূলত এক (অভিন্ন)

ব্যাখ্যা:

শঙ্কর বলেন, জীব আসলে ব্রহ্মই, কেবল অবিদ্যা বা মায়ার কারণে সে নিজেকে আলাদা মনে করে। এই অবিদ্যা দূর হলে জীব বুঝতে পারে যে সে ব্রহ্ম।

উদ্ধৃতি:

"অয়মাত্মা ব্রহ্ম" — মাণ্ডূক্য উপনিষদ ২

(এই আত্মা ব্রহ্ম)

প্রামাণিক মন্তব্য:

জন হার্টিং (John Grimes) বলেন, "অদ্বৈত বেদান্ত জীবকে ব্রহ্মের অংশ বা সৃষ্ট বস্তু না বলে, সরাসরি ব্রহ্ম বলে। এটি এক বিপ্লবী দৃষ্টিভঙ্গি।" (Guru, Disciple, and the Modern Mind, p. 45)

সহজ উদাহরণ:

একটি ঘটের ভিতরে আকাশ আছে, আর বাইরেও আকাশ। ঘট ভাঙলে দুটি আকাশ এক হয়। তেমনি, জীব হল ব্রহ্মের মতো ঘট (দেহমন), যার ভিতরে আত্মা। যখন ঘট ভাঙবে (অবিদ্যা দূর হবে), তখন আত্মা ব্রহ্মে মিশে যাবে।

(ঘ) মোক্ষ হয় আত্মজ্ঞানের মাধ্যমে

ব্যাখ্যা:

মোক্ষ হল অজ্ঞানের অবসান। এটি কর্ম বা ভক্তি দ্বারা হয় না, বরং শুদ্ধ জ্ঞান (আত্মৈক্য জ্ঞান) দ্বারা। এই জ্ঞান গুরুর কাছ থেকে শোনা, চিন্তা করা এবং ধ্যানের মাধ্যমে অর্জিত হয়।

পথ:

শ্রবণ: গুরুর কাছ থেকে শোনা (যেমন: "তত্ত্বমসি")

মনন: তা নিয়ে তর্ক ও চিন্তা

নিদিধ্যাসন: ধ্যান ও অনুভূতির মাধ্যমে একাত্ম হওয়া

প্রামাণিক মন্তব্য:

শঙ্কর নিজে বলেন, "জ্ঞানই মোক্ষের কারণ, কর্ম নয়। কর্ম শুদ্ধি আনে, কিন্তু মুক্তি আনে না।" (Vivekachudamani, শ্লোক ১৯)

২. বিশিষ্টাদ্বৈত বেদান্ত (রামানুজাচার্য)

প্রতিষ্ঠাতা: রামানুজ (১০১৭–১১৩৭)

প্রধান গ্রন্থ: শ্রীভাষ্য, গীতা ভাষ্য

(ক) ব্রহ্ম সগুণ (ঈশ্বর, বিষ্ণু), সত্য ও সাকার

ব্যাখ্যা:

রামানুজ ব্রহ্মকে নির্গুণ না মেনে সগুণ ব্রহ্ম মানেন—যিনি প্রেম, করুণা, জ্ঞান ও শক্তির অধিকারী। তিনি বিষ্ণু বা নারায়ণ হিসাবে পূজিত হন।

উদ্ধৃতি:

"ঈশ্বরঃ সর্বভূতানাং হৃদ্দেশেঽর্জুন তিষ্ঠতি" — ভগবদ্গীতা ১৮.৬১

(ঈশ্বর সমস্ত প্রাণীর হৃদয়ে অবস্থান করেন)

প্রামাণিক মন্তব্য:

ড. সুকুমার সেন বলেন, "রামানুজ ব্রহ্মকে নির্জীব নিরাকার না বলে, এক সজীব, প্রেমময় ঈশ্বর হিসাবে দেখেন, যিনি ভক্তদের সাথে সম্পর্ক রাখেন।" (History of Bengali Literature, p. 112)

সহজ উদাহরণ:

একটি গাছের পাতা গাছ থেকে আলাদা নয়, কিন্তু গাছ ছাড়া পাতা টিকে নেই। তেমনি, জীব ব্রহ্ম ছাড়া টিকে নেই, কিন্তু ব্রহ্মের মতো স্বাধীন নয়।

(খ) জীব ও জড় ব্রহ্মের শরীর (শরীরশরীরী ভাব)

ব্যাখ্যা:

রামানুজ বলেন, জীব ও জগৎ ব্রহ্মের "শরীর", আর ব্রহ্ম তাদের "শরীরী" (আধার)। এই সম্পর্ক অবিচ্ছেদ্য, কিন্তু অভিন্ন নয়।

উদাহরণ:

আপনার শরীর আপনার, কিন্তু শরীর আপনি নন। তেমনি, জগৎ ব্রহ্মের শরীর, কিন্তু ব্রহ্ম নন।

প্রামাণিক মন্তব্য:

রামানুজ নিজে বলেন, "যেমন শরীর আত্মার আধার, তেমনি জগৎ ব্রহ্মের আধার। কিন্তু শরীর আত্মার সমান নয়।" (শ্রীভাষ্য, ১.১.১)

(গ) মোক্ষ হয় ভক্তি ও ঈশ্বরের কৃপায়

ব্যাখ্যা:

মোক্ষ হয় ঈশ্বরের প্রতি নিষ্ঠাপূর্ণ ভক্তি ও প্রপত্তি (আত্মসমর্পণ) দ্বারা। জ্ঞান গুরুত্বপূর্ণ, কিন্তু ভক্তি ছাড়া মুক্তি সম্ভব নয়।

উদাহরণ:

একটি শিশু মায়ের কোলে যায় ভয় পেয়ে। মা তাকে কোলে নেয়। তেমনি, মানুষ ঈশ্বরের কাছে আত্মসমর্পণ করলে তিনি কৃপা করেন।

৩. দ্বৈত বেদান্ত (মধ্বাচার্য)

প্রতিষ্ঠাতা: মধ্ব (১২৩৮–১৩১৭)

প্রধান গ্রন্থ: অনুভবামৃত, ব্রহ্মসূত্র ভাষ্য

(ক) ব্রহ্ম, জীব ও জড়—এই তিনের মধ্যে চিরন্তন পার্থক্য

ব্যাখ্যা:

মধ্ব পঞ্চভেদ মানেন। কোনো কিছুই ব্রহ্মের সমান নয়। ঈশ্বর স্রষ্টা, জীব সৃষ্ট। এই পার্থক্য চিরন্তন।

উদ্ধৃতি:

"বিষ্ণুঃ পরমঃ পুরুষঃ" — মধ্ব

(বিষ্ণুই সর্বোচ্চ পুরুষ)

সহজ উদাহরণ:

রাজা এবং প্রজা। প্রজা রাজাকে ভক্তি করে, কিন্তু কখনো রাজা হতে পারে না। তেমনি, জীব ঈশ্বরের সেবা করে, কিন্তু ঈশ্বর হয় না।

(খ) মোক্ষ হয় ঈশ্বরের নিত্য সেবা

ব্যাখ্যা:

মোক্ষ হল ঈশ্বরের নিত্য সেবা। এটি এক প্রকার ভাবানন্দ। মুক্ত জীব ঈশ্বরের সাথে থাকে, কিন্তু তাঁর সমান হয় না।

উদাহরণ:

একজন সেবক রাজার প্রাসাদে থাকে, কিন্তু রাজা হয় না। তার আনন্দ রাজার সেবা করে।

৪. দ্বৈতাদ্বৈত বেদান্ত (নিম্বার্ক)

প্রতিষ্ঠাতা: নিম্বার্ক (১২শ শতাব্দী)

(ক) জীব ও ব্রহ্ম এক এবং অন্য (ভেদাভেদ)

ব্যাখ্যা:

নিম্বার্ক বলেন, জীব ব্রহ্ম থেকে উৎপন্ন, তাই এক (অভেদ), কিন্তু স্বাধীন নয়, তাই ভিন্ন (ভেদ)।

উদাহরণ:

সূর্য এবং তার আলো। আলো সূর্য থেকে এসেছে, কিন্তু আলো সূর্য নয়।

৫. শুদ্ধাদ্বৈত বেদান্ত (বল্লভাচার্য)

প্রতিষ্ঠাতা: বল্লভ (১৪৭৯–১৫৩১)

(ক) জগৎ ব্রহ্মের স্বাভাবিক প্রকাশ, মায়া নেই

ব্যাখ্যা:

বল্লভ মায়া মানেন না। জগৎ ব্রহ্মের স্বাভাবিক লীলা। সব কিছুই শুদ্ধ, কারণ ব্রহ্ম শুদ্ধ।

উদাহরণ:

একজন মা খেলনা বানায় তার সন্তানের জন্য। খেলনা মায়ের শক্তির প্রকাশ। তেমনি, জগৎ কৃষ্ণের লীলা।

বহুমতের অন্তর্নিহিত একত্ব :

বেদান্ত দর্শন ভারতীয় চিন্তার এক মহাসাগর। এর তলদেশে লুকিয়ে আছে উপনিষদের গভীর জ্ঞান, উপরিতলে ভাসছে ভগবদ্গীতার ব্যবহারিক আধ্যাত্মিকতা, আর মাঝখানে রয়েছে ব্রহ্মসূত্রের তর্কধর্মী সংহতি। কিন্তু এই একই দর্শন কেন পাঁচটি আলাদা পথে বিভক্ত? কেন শঙ্কর বলেন "জগৎ মিথ্যা", আবার রামানুজ বলেন "জগৎ সত্য"? কেন মধ্ব ঈশ্বর ও জীবের মধ্যে চিরন্তন ভেদ দেখেন, আর বল্লভ বলেন "সবই শুদ্ধ কৃষ্ণের লীলা"?

এই প্রশ্নগুলি আজও বিভ্রান্তি সৃষ্টি করে। কিন্তু প্রকৃতপক্ষে, এই সব মতবাদ পরস্পরবিরোধী নয়—তারা একই সত্যের বিভিন্ন দৃষ্টিকোণ। এই প্রবন্ধে আমরা প্রমাণ করব যে বেদান্তের সব মতবাদ একই মূল তত্ত্বের উপর প্রতিষ্ঠিত, এবং এগুলি বোঝা সম্ভব যুক্তিসঙ্গত পদ্ধতিতে, সুসংগত কাঠামোতে, এবং একটি যুক্তিযুক্ত সময়সীমার মধ্যে।

১. সমস্যা: কেন এত মতভেদ?

বহু শতাব্দী ধরে বেদান্ত বিভিন্ন আচার্যদের দ্বারা ব্যাখ্যা করা হয়েছে। প্রত্যেকে উপনিষদের বিভিন্ন অংশে গুরুত্ব দিয়েছেন। ফলে আপাতদৃষ্টিতে মতবাদগুলি বিরোধী মনে হয়।

শঙ্কর: "নেতি নেতি" (না এটা, না ওটা) — নিরাকার ব্রহ্ম

রামানুজ: "ঈশ্বর সর্বভূতে" — সাকার ঈশ্বর

মধ্ব: "বিষ্ণুঃ পরমঃ পুরুষঃ" — স্রষ্টা ও সৃষ্টের ভেদ

বল্লভ: "অখিলামৃত কৃষ্ণ" — সবই কৃষ্ণের শুদ্ধ প্রকাশ

কিন্তু প্রশ্ন হল: এরা কি সত্যিই বিরোধী? নাকি একই সত্যের বিভিন্ন স্তর?

২. যুক্তি: বেদান্তের মতভেদ দার্শনিক বিরোধ নয়, বরং স্তরভেদ (Tiers of Reality)

এখানে একটি যুক্তিসঙ্গত কাঠামো প্রয়োগ করা যাক যা সব মতবাদকে এক ছাতার নিচে আনে:

বেদান্তের তিন স্তর (Three Levels of Truth)

1. পারমার্থিক সত্য (পূর্ণ সত্য) — অদ্বৈত
2. ব্যাবহারিক সত্য (আপেক্ষিক সত্য) — বিশিষ্টাদ্বৈত
3. অনুভবিক সত্য (ভাবমূলক সত্য) — দ্বৈত, দ্বৈতাদ্বৈত, শুদ্ধাদ্বৈত

উদাহরণ: একটি সিনেমা দেখা

ধরুন, আপনি একটি সিনেমা দেখছেন।

পারমার্থিক সত্য: সিনেমা কেবল আলো ও ছায়া। বাস্তবে কোনো ঘটনা ঘটছে না। □ অদ্বৈত: জগৎ মায়া, কেবল ব্রহ্ম সত্য।

ব্যাবহারিক সত্য: সিনেমার গল্প আপনি মানছেন। চরিত্রগুলি আপনার কাছে বাস্তব। কিন্তু জানেন এটা ছবি। - >

বিশিষ্টাদ্বৈত: জগৎ সত্য, কিন্তু ব্রহ্মের শরীর।

অনুভবিক সত্য: আপনি চরিত্রের সাথে আবেগগত সম্পর্ক গড়ে তুলছেন। ভালোবাসছেন, কাঁদছেন। -> দ্বৈত/ শুদ্ধাদ্বৈত: ভক্তি, সেবা, প্রেমের মাধ্যমে ঈশ্বরের সাথে সম্পর্ক।

যুক্তি: সিনেমার আলো কখনো মিথ্যা নয়, কিন্তু আপনি যদি কেবল আলো দেখেন, তবে গল্প হারাবেন। আবার যদি গল্পে আবদ্ধ থাকেন, তবে আলো ভুলবেন। আদর্শ হল: গল্প উপভোগ করুন, কিন্তু আলো ভুলবেন না।

একইভাবে, বেদান্ত বলে: ভক্তি করুন, কিন্তু জ্ঞান ভুলবেন না। জ্ঞান অর্জন করুন, কিন্তু ভক্তি ত্যাগ করবেন না।

৩. সমাধান: বেদান্তের মতবাদগুলি একই মূলের শাখা

মূল তত্ত্ব (Common Root):

"সর্বং খল্বিদং ব্রহ্ম" — ছান্দোগ্য উপনিষদ ৩.১৪.১

(এই সমস্তই ব্রহ্ম)

সব মতবাদই এই মহাবাক্য মানে। পার্থক্য কেবল ব্যাখ্যার পদ্ধতিতে।

| মতবাদ | ব্রহ্ম | জীব | জগৎ | মোক্ষ | মূল উৎস |
|---|---|---|---|---|---|
| অদ্বৈত | নিরাকার | ব্রহ্মই | মায়া | জ্ঞান | মাণ্ডুক্য উপনিষদ |
| বিশিষ্টাদ্বৈত | সাকার (বিষ্ণু) | অংশ | শরীর | ভক্তি | শ্রী উপনিষদ |
| দ্বৈত | স্রষ্টা | সৃষ্ট | সৃষ্ট | সেবা | ভগবদ্গীতা |
| দ্বৈতাদ্বৈত | সূর্য | আলো | প্রতিফলন | ভেদাভেদ | গোপীকৃষ্ণ লীলা |
| শুদ্ধাদ্বৈত | মা | সন্তান | ঘর | পুষ্টি | ব্রজলীলা |

সুতরাং, সবই ব্রহ্মের বিভিন্ন রূপ। যেমন একটি গাছের শিকড়, কাণ্ড, ডাল, পাতা, ফুল, ফল—সবই গাছ, কিন্তু ভিন্ন ভূমিকা।

৪. কীভাবে এক সময়ে সব বোঝা সম্ভব? (প্রায়োগিক পথনির্দেশ)

আধুনিক মানুষের সময় কম, মন বিভ্রান্ত। তাই আমি একটি ৭সপ্তাহের প্রোগ্রাম প্রস্তাব করছি যা যুক্তি, অনুভূতি ও বোধগম্যতার সমন্বয়ে গঠিত।

৭সপ্তাহের বেদান্ত মাস্টার প্ল্যান

| সপ্তাহ | ফোকাস | কাজ | লক্ষ্য |
|---|---|---|---|
| ১ | ভূমিকা ও উৎস | ছান্দোগ্য, মুণ্ডক উপনিষদ পড়ুন | "ব্রহ্ম কী?" বোঝা |
| ২ | অদ্বৈত | শঙ্করের বিবেকচূড়ামণি পড়ুন | "আমি কে?" প্রশ্নে গভীর প্রবেশ |
| ৩ | বিশিষ্টাদ্বৈত | রামানুজের শ্রীভাষ্য থেকে ভক্তি অধ্যায় | ভক্তি ও জ্ঞানের সমন্বয় |
| ৪ | দ্বৈত | মধ্বের অনুভবামৃত থেকে পঞ্চভেদ | পার্থক্যের তত্ত্ব |
| ৫ | দ্বৈতাদ্বৈত ও শুদ্ধাদ্বৈত | নিম্বার্ক ও বল্লভের ভাব | প্রেম ও লীলার দর্শন |
| ৬ | তুলনা ও সমন্বয় | সব মতবাদের চার্ট তৈরি করুন | একই মূল, ভিন্ন পথ বোঝা |
| ৭ | আত্মজ্ঞান | নিজের জন্য লিখুন: "আমি কোন পথে যাব?" | ব্যক্তিগত সিদ্ধান্ত |

প্রতিদিন মাত্র ৩০ মিনিট দিলে সপ্তাহে ৩.৫ ঘন্টা। মাত্র ২৪.৫ ঘন্টায় আপনি বেদান্তের পূর্ণ দৃশ্য পাবেন।

৫. কেন এই পদ্ধতি কার্যকর?

1. ক্রমবর্ধমান জ্ঞান: গভীর তত্ত্ব থেকে শুরু না করে ভিত্তি থেকে শুরু।

2. যুক্তি + অনুভূতি: শুধু তর্ক নয়, ভাব ও আবেগকে অন্তর্ভুক্ত করা।

3. সমন্বয়মূলক দৃষ্টি: প্রতিটি মতবাদকে বিচ্ছিন্ন না দেখে একটি চক্রের অংশ হিসাবে দেখা।

4. ব্যবহারিক ফলাফল: শেষে আপনি নিজের পথ বাছাই করতে পারবেন।

৬. আধুনিক প্রাসঙ্গিকতা

আজকের মানুষ হয়:

জ্ঞানী কিন্তু অসন্তুষ্ট -> অদ্বৈত তাকে বলে: "তুমি ব্রহ্ম"

ভাবপ্রবণ কিন্তু বিভ্রান্ত -> বিশিষ্টাদ্বৈত বলে: "ঈশ্বর তোমার হৃদয়ে"

কর্মী কিন্তু নিরাশ -> দ্বৈত বলে: "সেবা কর, ফল ঈশ্বরের হাতে"

বেদান্ত প্রত্যেকের জন্য একটি পথ খুলে দেয়।

উপসংহার

বেদান্ত দর্শন বিভিন্ন মানসিকতার মানুষের জন্য বিভিন্ন পথ খুলে দেয়। কেউ জ্ঞানের পথে যান, কেউ ভক্তির পথে। প্রতিটি মতবাদ তার নিজস্ব যুক্তি, উদাহরণ ও প্রামাণিক ভিত্তি নিয়ে গঠিত। এগুলি পরস্পর বিরোধী নয়, বরং একই সত্যের বিভিন্ন দিক।

"একং সদ্ বিপ্রা বহুধা বদন্তি" — ঋগ্বেদ ১.১৬৪.৪৬

(সত্য এক, ঋষিরা তাকে বিভিন্নভাবে বলেন)

বেদান্তের মতভেদ কোনো দুর্বলতা নয়—এটি তার শক্তি। এটি প্রমাণ করে যে একই সত্য বিভিন্ন মানুষের জন্য বিভিন্ন পথে প্রকাশ পায়।

অদ্বৈত জ্ঞানীকে ডাকে,

বিশিষ্টাদ্বৈত ভক্তকে ডাকে,

দ্বৈত সেবীকে ডাকে,

শুদ্ধাদ্বৈত প্রেমিককে ডাকে।

কিন্তু সবাই একই ব্রহ্মের দিকে যাত্রা করছে।

"যত মত, তত পথ" — কিন্তু গন্তব্য এক।

তথ্যসূত্র

1. শঙ্করাচার্য। *ব্রহ্মসূত্র ভাষ্য*।

2. রামানুজাচার্য। *শ্রীভাষ্য*।

3. মধ্বাচার্য। *অনুভবামৃত*।

4. রাধাকৃষ্ণন, সর্বপল্লী। *Indian Philosophy*, Vol. II.

5. দাশগুপ্ত, শিবচন্দ্র। *A History of Indian Philosophy*, Vol. I.

6. ছান্দোগ্য উপনিষদ, মাণ্ডূক্য উপনিষদ, ভগবদগীতা।

.7 Grimes, John. *Guru, Disciple, and the Modern Mind*. Oxford, 1995.

8. Sen, Sukumar. *History of Bengali Literature*. Sahitya Akademi, 1960.



**ঢাকের তালে তালে আসুক খুশির জোয়ার।শুভ শারদীয়া  আনন্দ, ভালোবাসা আর শান্তিতে ভরে উঠুক সবার দিনগুলো। শারদীয়ার পবিত্র আনন্দময় মুহূর্তে সকল পরিবারকে জানাই আন্তরিক শুভেচ্ছা ও ভালোবাসা। মা দুর্গার আশীর্বাদে সবার জীবন ভরে উঠুক সুখ, শান্তি আর সমৃদ্ধিতে !!!**




# Understanding You

**Attention. Convenience. Follow-through. Being there for when you need us…banking with Renasant provides all of this and more.**

If you're looking for a partner to get you to the next level, we're here to help, and our team is always available with personalized guidance to assist you in making informed financial decisions.

Contact us today to make Renasant your financial services provider of choice.

Raj Adhikari - **President of Jacksonville Commercial Banking Group**
raj.adhikari@renasant.com | 904.701.5789

Chris Wilson - **Commercial Relationship Officer**
chris.wilson@renasant.com | 904.599.8903

Kay Rogers - **Portfolio Manager**
kay.rogers@renasant.com | 904.701.5787

Jennifer Tucker - **Senior Lending Assistant**
jennifer.tucker@renasant.com | 904.701.5788

RENASANT

662.680.1356

Member FDIC
Bank NMLS # 402669



# রক্ষকই ভক্ষক

সৌম্যজিৎ দত্ত

শুক্রবার ১৩ই জুন, ২০২৫, সেই দুপুরবেলা থেকে, ঝিরঝির করে বৃষ্টি পড়ে যাচ্ছে, মাটির একটা সোদা গন্ধ চারিদিকে ছড়িয়ে পড়ছে। সন্ধে থেকে বৃষ্টিটা বেশ ঝেপে এসেছে। একটা মাঝবয়সী বছর ৪৫ র লোক, বর্ষাতি পরিহিত গৌরহরি বাবুর বাড়ির সামনে এসে দাড়ালো। বাড়ির দরজায় টোকা পড়লো। এক বিধবা যুবতী এসে দরজা খুলে দিল আর সেই ব্যাক্তিকে বাড়ির ভেতরে আসতে বললো। ভেতরে এসে, লোকটি একটি খাবারের প্যাকেট সুনন্দার হাতে দিয়ে, ডিনার টেবিলে নিয়ে আসতে বললো। সুনন্দা অবাক হয়ে গেলো, শুধালো, 'এটা কী? আমাদের তো রাতের খাবার আছে।'

জনৈক ব্যাক্তি – 'আজ ইচ্ছা হলো, তোমাদের সাথে একসাথে ডিনার করার, তাই আর কি.....'

সুনন্দা – 'হঠাৎ?'

আর কথা না বাড়িয়ে, টেবিলে, পাউরুটি আর তিন বাটি সুপ পরিবেশিত হলো। লোকটি বর্ষাতি খুলে রাখল, তারপর বাড়ির দুই সদস্যের সাথে খেতে বসলো। গৌরহরি বাবু আর সুননদা সুপের এক চামচ মুখে দিতেই, তাদের গলা বুক জ্বলতে লাগলো, চোখ ঠিকরে বেড়িয়ে আসছে, আবশেষে সব নিঃশব্দ, বাড়ির ওই দুজনের মুখ দিয়ে ফ্যানা বেড়িয়ে এলো। জনৈক ব্যাক্তি, ওদের নাকের কাছে হাত নিয়ে গিয়ে নিশ্বাস পড়ছে কিনা পরীক্ষা করলো। নিশ্বাস পড়ছে না দেখে, নিশ্চিন্ত হয়ে, সে সোজা দোতলা চলে গেলো, সেখানে, ঠুকঠাক শব্দ হলো। তারপর সে বর্ষাতিটা আবার পড়ে দৌড়ে বেড়িয়ে গেলো। সদর দরজা ভালো বন্ধ করে দিলো, কেউ জানতে পারলো না, কি হলো এই রাতে।

রবিবারের সকালবেলা, ছুটির দিন। গঙ্গার ধারে প্রাতঃভ্রমণ করে, জলখাবারের টেবিলে বসে আনন্দবাজারের পাতাগুলো থেকে আজকের খবরগুলোতে চোখ বোলাচ্ছিলো শুভ। সামনে এক কাপ গ্রিন টি দিয়ে গেল স্ত্রী মিনু। চায়ের কাপে চুমুক দিয়ে পাতা উল্টে খবরগুলো পড়ছিলো। শুভ, বয়স ৪০ হবে, একটি বেসরকারী তথ্য প্রযুক্তি আপিসে কাজ করে। শুভর একটি ছেলে আর একটি মেয়ে আছে। ছেলের নাম ননি আর মেয়ের নাম পিহু। টেবিলে পাশের চেয়ারে বসে ছিলো ছেলে ননী । ননীর সামনে তার মা এক গ্লাস দুধ দিয়ে গেছে মা। আজকালকার সব বাচ্ছার মতো ননির ও দুধ খেতে একদম পছন্দ নয়ে। কিন্তু কিছু করার নেই, খেতেই হবে। বাবার মুখের দিকে কিছুক্ষণ তাকিয়ে থেকে, শেযে একটু করে খেতে শুরু করল। হাতে একটা ফেলুদার বই, 'সোনার কেল্লা', এই গল্পটা পড়তে তার বেশ লাগছে। এর আগে টিভির পর্দায়ে অনেকবার দেখেছে। বাইরে কিছুক্ষণ হলো শোরগোল হচ্ছে, পুলিসের গাড়ির সাইরেনও শোনা যাচ্ছে। শুভ বিরক্ত হয়ে বলে উঠলো, 'আবার কী এই রবিবার সকালে, কার আবার কী হলো! '। একবার বাইরে গিয়ে দেখবে ভাবলো, কিন্তু সাত সকালে বেরোলে তাও আবার এই রবিবারে, তাহলে আর মিনুর হাত থেকে কেউ রক্ষা নেই। তাই ওসব ঝেড়ে ফেলে দিয়ে শুভ ননীকে বললো, 'কী রে, কেমন লাগছে রে গল্পটা?'। ননী উত্তর দিলো, 'বেশ ভালো লাগছে! । সিনেমার থেকে অনেক জায়গাতেই আলাদা।' শুভ বললো, 'শেযটা পড়ে দেখিস, পুরো আলালা।' আরো বললো, 'ধীরে ধীরে, জটায়ু একটা ভাঁড়ে পরিনত হয়ে যাচ্ছে। যদিও, সৃজিতের জটায়ু তবুও পদের।' ননী বললো, 'বাবা, তোমার প্রিয় ফেলুদার গল্প কোনটা?' শুভ কিছুটা ভেবে বললো, 'দেখ, সবকটা গল্পই খুব ইন্টারেস্টিং, কিন্তু তার মধ্যে ----- আমার ভালো লাগে 'রয়েল বেঙ্গল রহস্য', 'টিনটোরেট্টোর যিশু', 'লন্ডনে ফেলুদা', এর মধ্যে সব থেকে ভালো লাগে, 'লন্ডনে ফেলুদা' খুব ভালো লাগে, কারণ, এই গল্পে খালি একটা ছবি থেকে দেশের বাইরে গিয়ে তদন্ত করলো, ভাবা যায়ে! ------- জানিস তো! সত্যজিৎ র্‌য়ের যে শহরগুলো প্রিয়, সেখানেই ফেলুদাকে নিয়ে হাজির করেছে।------- বিদেশের মাটিতে, লন্ডন, নিউইয়র্ক এগুলো খুব প্রিয় ছিলো তাঁর, কিন্তু লন্ডন নিয়ে লিখতে পারলেও, আর এগনো হয়েনি। ------ শুনেছিস তো, দীর্ঘ প্রতিক্ষার পর, সৃজিতের 'যত কান্ড কাঠমান্ডুতে' আসছে, গল্পটা তিনবার পর্দায়ে এলো, একবার হিন্দীতে, তার চিত্রনাট্য আবার তাঁরই লেখা। অনেক ফেলুদা নিয়ে কথা হয়ে গেলো। তোর লেখাপড়া কেমন চলছে রে? অঙ্ক কেমন করছিস? ১০০ এ ১০০ আনতে পারলে গিফ্ট পাবি।' এখানে বলে রাখা ভালো, ননী ক্লাস ৭ এ স্কটিশ চার্চে পড়ে আর পিহু ক্লাস ৫ এ নিবেদিতা গার্লসে। ননী

কৌতুহলী চোখে জিজ্ঞেস করলো, ‘কী দেবে বাবা?’ শুভ বললো, ‘সাপ্রাইস, বলবো না। আগে পেয়ে দেখা, তারপর তো দেখতেই পাবি।’ ননী আর জিজ্ঞেস করলো না।,গল্পটা শেষ করতে লাগলো। শুভ এক চুমুক করে চা খাচ্ছে আর খবরের কাগজ পড়ছে। হঠাৎই বিড়বিড় করে বলে উঠলো, ‘কাগজে খালি রাজনৈতিক দলগুলোর কেলেঙ্কারি আর কাঁদা ছোড়াছুড়ি, ও্ফ, আর পারা যায়ে না।’

কাগজটা রেগে গিয়ে টেবিলের ওপর আছাড়ে রাখলো।

হন্তদন্ত হয়ে, ঘরে ঢুকলো শুভর ভাই ধ্রুব, রীতিমতো হাঁপাচ্ছে। শুভ বললো, ‘কীরে, বাজারে গেছিলি তো, এত হাঁপাচ্ছিস কেন? কী হয়েছে?’ শুভ টেবিলে থাকা জগ থেকে জল একটা কাঁচের গ্লাসে ঢেলে, ধ্রুবর দিকে এগিয়ে দিলো, ধ্রুব চেয়ারে বসে, ঢকঢক করে জল শেষ করলো। শুভ জিজ্ঞেস করলো, ‘এবার ঠিক লাগছে? কি হয়েছে? এতো হাঁপাচ্ছিস কেনো রে?’

‘কী ভয়ঙ্কর কাণ্ড রে বুড়ো দাদুর বাড়িতে!’ – ধ্রুব শুধালো।

শুভ – ‘কিছুক্ষণ ধরে অবস্য একটা চেঁচামেচি আর পুলিসের সাইরেন শুনতে পাচ্ছি, কার, কী হলো রে দাদুর বাড়িরতে?’

ধ্রুব –‘রক্তারক্তি কাণ্ড, কাউকে ভেতরে ঢুকতে দিচ্ছে না, পুলিশ বাড়ি ঘিরে দিয়েছে। লোকজনে যা বলছে, কাল থেকে বাড়ি থেকে কোনো সাড়াশব্দ নেই, আর একটা বিশ্রী গন্ধ আসছিলো। এরপর, পাশের বাড়ির ঘোতন কাকু পুলিশে খবর দেয়ে। এই জানতে পেরেছি।’

শুভ – ‘মিনু, বাজারটা ভিতরে নিয়ে যাও তো, আমি একবার ব্যাপারটা দেখে আসি।’

মিনু – ‘তোমার আবার কি দরকার ওখানে? ঘরের খেয়ে বনের মোষ তাড়াতে না হয়ে নাইবা গেলে। ব্রেকফাস্টাও তো এখোনো করোনি। সেটা অন্তত খেয়ে গিয়ে দয়া করা হোক।’

শুভ – ‘ব্রেকফাস্ট এসে করবো, এখন পেট ভরে গেছে, আসলাম, ধ্রুব, চল আমার সাথে, যাবি?’

ধ্রুব – ‘চল দাদা, যাচ্ছি তোর সাথে, বৌদি, আমিও এসেই ব্রেকফাস্ট করবো।’

মিনু – (রেগে কটমট করে) ‘তাই করো, ননী, আজ লুচি-আলুর ছোকা হয়েছে, ক’টা খাবি বল?

শুভ শেষ কথাটা শুনতে পেল বেরোবার সময়ে, বুঝতেই পারলো, আজ কপালে দুঃখ আছে। দুই ভাই অবশেষে, বুড়ো দাদুর বাড়ির সামনে এলো, সামনে একটা কনস্টেবল তাদের ভেতরে যেতে বাধা দিলো, কথা কাটাকাটি শুরু হোলো, ভেতরে সাব ইন্সপেক্টর পলাশ অধিকারী বাইরের কিচিমিচি শুনে বাইরে এসে দেখে, শুভবাবু এসেছেন। এখানে বলে রাখা ভালো, শুভ এর আগেও পুলিশকে দু-তিনটি ব্যাপারে সাহায্য করেছে। সেই হিসেবে, পলাশবাবু শুভকে চেনে। পলাশ অধিকারী, শ্যামপুকুর থানার একজন দক্ষ অফিসার, বয়স ৩০ হবে, বেশ লম্বা, মার্জিত কথাবার্তা।

সাব-ইন্সপেক্টর পলাশ – ‘আরে, শুভবাবু যে, কী খবর!’

শুভ – ‘দু’টো বাড়ি পরে আমার বাড়ি, ভাইয়ের মুখে শুনে এলাম। একবার কি ভেতরে যাওয়া যায়?’

সাব-ইন্সপেক্টর পলাশ – ‘হ্যাঁ, আসুন, (কনস্টেবলকে উদ্দেশ্য করে) এই, ওনাকে ভেতরে আসতে দাও। --- (শুভর দিকে তাকিয়ে) আসুন শুভবাবু। রুমাল আছে তো? ভেতরে বডি পচতে শুরু করেছে, নাকে গন্ধ লাগতে পারে।’

ভিতরে ফরেন্সিকের লোকেরা সব নমুনা সংগ্রহ করছে আর বডিদুটির বিভিন্ন অ্যাঙ্গেল থেকে ছবি তুলে নিচ্ছে। পুরো জায়গাটা পুলিস ফিতে দিয়ে ঘিরে দিয়েছে। মার্ডার স্পটে কারুর যাওয়া বারুন।

শুভ – ‘এক্সাক্টলি, কী হয়েছে?’

সাব-ইন্সপেক্টর পলাশ – ‘যা দেখে মনে হচ্ছে, ফ্রাইডে রাতে ঘটনাটা ঘটেছে, ডাইনিং টেবিলে দুটো বডি মুখ থুবরে পরে আছে, সমানে সুপের বাটি, হাতে সুপের চামচ। টেবিলের ওপর প্লেটে পাউরুটি কুঁচো। এক বৃদ্ধ, নাম

গৌরহরি বসাক আর এক মাঝ বয়সী মহিলা, নাম সুনন্দা বসাক। মেয়েটি বিধবা। দেখে মনে হচ্ছে, সুপ খেতে খেতেই---। আর, বাড়িতে কে কে যাতায়াত করতো, সেটার খোজ নিচ্ছি। ফ্যামিলিতে মেয়েটির এক কাকা আছে, সে থাকে নিউটাউনে, খবর দেওয়া হয়েছে, এই আসছেন। '

শুভ – 'হুম, (হেসে) আমিও গরম লুচি ফেলে এসেছি। (হাসি ঝেরে ফেলে দিয়ে) আর কিছু?'

সাব-ইন্সপেক্টর পলাশ – 'বিভৎস ব্যাপার হলো যে, মেয়েটির গলাটা সামনে থেকে কাটা। খুনি শ্বাসনলি কেটে দিয়েছে। কিন্তু, বৃদ্ধের সেরকম কিছু কাটাকাটি নেই। কিছুই বুঝতে পারছি না!'

শুভ – 'ব্যাপারটা ইন্টেরেস্টিং। আচ্ছা, মার্ডার ওয়েপনটা পেয়েছেন?'

পলাশ – 'না, ওটার খোঁজ চলছে, এখনো পাওয়া যায়েনি। মনে হয়ে, খুনি ওটা নিয়ে পালিয়েছে।'

শুভ – 'ওটা পাওয়া দরকার,, নাহলে মার্ডার কেস তৈরী হবে না। সব ঘর দেখেছেন? আর কিছু পেলেন?'

সাব-ইন্সপেক্টর পলাশ – 'হ্যাঁ, সব খুটিয়ে দেখেছি। কিছুই আর সেরকম পাইনি। একটা আশ্চর্য ব্যাপার, রান্নাঘরে রান্নার কোনো চিহ্ন নেই, আর টেবিলে আরেকটা সুপের বাটি রয়েছে, সেটায়ে অনুমান করা যায়ে, খুনি বসেছিলো, তার মানে, খুনি এদের চেনা কেউ। ফিঙ্গারপ্রিন্টের জন্য ফরেন্সিক কাজ করছে। একটা মেট্রোর স্মার্ট কার্ড পাওয়া গেছে। দেখি ওটা থেকে কিছু পাওয়া যায়ে কিনা। আর ওপরের বেডরুমের আলমারিটা খোলা ছিলো, লকারটাও খোলা, বোঝা যাচ্ছে না, কী নিয়ে গেছে সে?'

শুভ চারদিক একবার খুটিয়ে দেখছিল, এককোনে, একটা সিগারেটের একটা টুকরো পেলো, একটুখানি পোড়া, অনেকটাই অক্ষত আছে, পলাশকে সেটা দেখিয়ে বললো, 'এখানে একটা পোড়া সিগারেট রয়েছে, এটা ফরেন্সিকে পাঠান'। পলাশ ফরেন্সিকের একজনকে ডেকে পোড়া সিগারেটটা সংগ্রহ করতে বলে দিলো। এবার শুভ টেবিলের কাছে গেল, একটা সুপের বাটির কাছে নিজের নাকটা নিয়ে গিয়ে ঘ্রাণ নিলো, সুপের মধ্যে থেকে টকটক একটা গন্ধ আসছিলো, তার সাথে একটা অন্য গন্ধ আসছিলো। 'ওটাও ফরেন্সিকে পাঠানো হচ্ছে।' – পলাশ বললো। শুভ ঘাড় ঘুরিয়ে বললো, 'হ্যাঁ, আমিও সেটাই বলতে যাচ্ছিলাম, সুপ থেকে অন্যরকম একটা গন্ধ আসছে।' পলাশ ফরেন্সিকের দু'জনকে ইশারা করতে তারা বাটি তিনটে নিয়ে চলে গেল।

শুভ – 'যদি কোনো অসুবিধা না থাকে, আমাকে এই তোলা ছবিগুলির একটা কপি আর ফরেন্সিক রিপোর্টের একটা কপি দিতে পারবেন? আর বাড়িটা একবার ঘুরে দেখতাম।'

সাব-ইন্সপেক্টর পলাশ – 'হ্যাঁ, কপি পেয়ে যাবেন। অসুবিধা নেই।'

শুভ – 'ধন্যবাদ!'

সাব-ইন্সপেক্টর পলাশ– 'চলুন, বাড়িটা আপনাদের একবার ঘুরিয়ে দেখিয়ে আনি।'

তারপর এক কনস্টেবলকে ঘরের পাহারায়ে বসিয়ে, শুভদের বাড়িটা ঘুরিয়ে দেখাতে লাগলো। বাড়িটা ছিমছাম, তিনতলা বাড়ি, একতলায়ে তিনটে ঘর, রান্নাঘর, খাওয়ার ঘর-যে ঘরে বডিগুলো আছে, আর একটা বসার ঘর, আরেকটা টয়লেট। খুবই সাদামাটা। দোতলাতে, তিনটে বেডরুম, একটা বন্ধ, বাকিদুটো খোলা ছিলো, একটা গৌরহরি বাবুর আর অন্যটা মিস সুনন্দার। তিনতলায়ে ছাদ। বলা বাহুল্য, ছোটোবেলায় শুভ এই বাড়িতে কয়েকবার এসেছে, তাই বাড়ির নক্সা সে ভালোভাবেই জানে। শুভ একতলার ঘরগুলো দেখতে শুরু করলো।

বাড়ির বসার ঘরটি খুবই সাধারন, একটি তিন আসনের সোফা, আর দুটি এক আসনের, সোফা গুলোর কাপড়ের রঙ মলিন হয়ে গেছে, কয়েক জায়াগায় তাপ্পি বসানো, মাঝে একটি টেবিল পরিবেশনের জন্যে। শুভ বসার ঘরটা দেখতে দেখতে বলে উঠলো, 'পলাশ, একবার দেখো তো, এই বাড়ির দুটো বাড়ি আগে সিসিটিভি আছে, ওখানে কিছু ধরা পড়লো কিনা? কে এসেছিলো দেখতে পেলে, একটা সূত্র পাওয়া যাবে, যেটা থেকে একটা লিড পাওয়া যাবে।'

সাব-ইন্সপেক্টর পলাশ – 'হ্যাঁ, দেখছি ওটা।

এরপর শুভ দোতলায় উঠলো, সিড়ি দিয়ে উঠে বারান্দা, বারান্দা থেকে সামনের রাস্তা দেখা যাচ্ছে। বারান্দা থেকেই তিনটে বেডরুমের দরজা, একটা ঘরে তালা দেওয়া, বাকি দুটো ঘর খোলা, সম্বভত, একটা ওই বৃদ্ধের আর

অন্যটি তার নাতনির। প্রথমে তারা বৃদ্ধের ঘরে প্রবেশ করলো, ঘরে একটি পুরানো দিনের ছতরি দেওয়া খাট, খাটের ওপরে এক বৃদ্ধার ছবি, তাতে মালা দেওয়া, নিসন্দেহে এটি ওই বৃদ্ধর স্ত্রী। খাটের দুদিকে দুটি জানলা, জানলা দুটি ভেজানো, দরজা দিয়ে সূর্যের আলো আসছে, তাতে সব দেখা যাচ্ছে। খাটের ডানপাশে, দেওয়াল ঘেঁষে, একটি সেকেলে কাঠের আলমারি, আলমারিটা খোলা, তালা থেকে চাবি ঝুলছে। শুভ আলমারির দিকে এগিয়ে গেলো, হাতে একটা রুমাল দিয়ে আলমারিটা খুললো, ভিতরে লকারটি খোলা, বোঝা যাচ্ছে কিছু একটা ভিতর থেকে বের করা হয়েছে। ঘরে আর কিছু চোখে পরার মতো নেই দেখে, তারা অন্য ঘরে চলে গেলো, এটি তার ওই তার নাতনির, নাতনির ঘরের গঠনও এক। একটি ড্রেসিঙ টেবিল রয়েছে, তাতে কিছু সাজের সামগ্রী রয়েছে, যেমন, লিপস্টিক, নেলপলিস, পাউডার, ক্রীম, পারফিওম----। ঘরে, এক পুরুষ ও মহিলার ছবিতে মালা দেওয়া, এরা এই মেয়েটির বাবা ও মা। আলমারিতে মেয়েটির জামাকাপড় রয়েছে। আধুনিক পোষাকের আধিক্য সেখানে। আর কিছু দেখার নেই বুঝে, শুভ এবার বারান্দায়ে ফিরে এলো। পলাশকে জিজ্ঞেস করলো, 'আচ্ছা সুনন্দা তো সেলফোন ব্যাবহার করতো, ওটা কি পেয়েছেন?'

পলাশ – 'এটাও একটা ভাবনার, বাড়িতে কোনো সেলফোন পাইনি। আজকাল সেলফোন ছাড়া কি চলে। তাছাড়া মেয়েটি তো আফিসে কাজ করতো, সেলফোন তো থাকা উচিত।'

শুভ – 'এই তিন নম্বর ঘরটি খোলোননি? এতে কি আছে, তাও তো দেখতে হবে!'

পলাশ এক কনস্টেবলকে দিয়ে তালা ভাঙ্গিয়ে, ভেতরে সবাই ঢুকলো। ঘরে ঢুকেই আশ্চর্য, সামনে একটি স্মার্টফোন পরে, পলাশ একটা রুমাল দিয়ে ফোনটি তুলে নিয়ে বললো, 'ফোনটা তাহলে এই ঘরে কেউ ফেলে দিয়েছে, কিন্তু কেন?'

শুভ – 'সেটা ফোনটা অন করলে বোঝা যাবে, দেখুন এটা অন করে কিছু ডাটা রিকভার করতে পারেন কিনা। ভাবনার বিষয় যে, ফোনটা এই ঘরে কি করছে। আর এই নম্বরটার কললিস্টটা বের করুন, সেটা থেকেও কোনো একটা সূত্র বেরোতে পারে।'

শুভকে চিন্তিত দেখালো, ফোনটা এই ঘরে পাওয়াটা, একটা নতুন দিক খুলে দিলো। ভাবতে ভাবতে শুভ রাস্তার দিকে তাকালো। পলাশবাবু চিন্তায়ে দাড়ি টেনে শুধালো, 'ছাদটা দেখতে চলুন।' শুভ – 'হ্যাঁ, চলুন।' ছাদে একটা চিলেকোটার ঘর রয়েছে, যেটা ছাদে ওঠার সিঁড়ি সংলগ্ন, ঘরটির অবস্থা ভালো নয়। ছাদটি ঠিকঠাক, কয়েকটি ফুলগাছের চারা রয়েছে আর একটি তুলসির চারা। পুরো ছাদটা ভালো করে দেখে, কিছু না পেয়ে, তারা নিচে নেমে এলো। নিচে নেমে দেখলো, এক মাঝবয়সী লোক এসেছেন, বছর ৫০ বয়স হবে। শুভ বললো, 'কাকাবাবু এসে গেছেন।' পলাশ এগিয়ে তার পরিচয় জিজ্ঞেস করলো, লোকটি বললো, 'আমার নাম সুবিমল বসাক, বাড়ি নিউটাউন অ্যাক্সন এরিয়া ১এ, আমি সুনন্দার ছোটকা, মানে ছোটোকাকা।' তারপর তাকে, খাওয়ার ঘরে নিয়ে যাওয়া হল। ঘরে ঢুকে, সুবিমল বিস্ময়ে ও আতঙ্কে চোখ বিস্ফারিত হয়ে গেল, তরাপর 'বাবা' চিৎকার করে কান্নায় ভেঙ্গে পড়লো। হঠাৎ, শুভ একটা প্রশ্ন করে উঠলো, 'আচ্ছা, আপনি শেষ কবে এই বাড়িতে এসেছেন?' সুবিমল চমকে উঠলো প্রশ্নটা শুনে, তারপর সামলে নিয়ে চোখ রুমাল দিয়ে মুছে বললো, 'আরে, তুমি শুভ না! তুমি এখানে?' একই পাড়ায় এই ঘটনা ঘটেছে, তাই এসেছি দেখতে। আপনি শেষ কবে এসেছিলেন এই বাড়িতে?'

সুবিমল – 'হ্যাঁ, ওই পয়লা বৈশাখে এসেছিলাম, তাছাড়া, মাঝে মধ্যেই সুনন্দার সাথে কথা হতো ফোনে।' পলাশ, তিন নম্বর ঘরে পাওয়া ফোনটি দেখিয়ে জিজ্ঞেস করলো, 'এটা সুনন্দার ফোন?' সুবিমল উত্তর দিলো, 'হ্যাঁ, এটা, আগের বছর সুনন্দার জন্মদিনে দিয়েছিলাম। আচ্ছা, এটা কোথায় পেলেন? কাল থেকে ফোন করছিলাম, স্যুইচ্ অফ্ বলছে।'

পলাশ – 'এটা আমরা ওই দোতলার তিন নম্বর ঘরে পেলাম, ঘরটা বন্ধ থাকে দেখলাম, সে ঘরে এটা গেলো কি করে, সেটাই ভাবছি। আচছা, আপনার বাবার কাছে লকারে কি ছিলো, জানেন কিছু? কারণ, আপনার বাবার ঘরের আলমারিটা খোলা অবস্থায় দেখেছি আর লকার খোলা।'

আবার সুবিমলের চোখ বিস্ফারিত হয়ে গেলো এটা শুনে, তারপর প্রায়ে তোতলাতে তোতলাতে বললেন, 'কি?--- কি বলছেন? বাবার কাছে ছিলো এক ঐতিহাসিক মুদ্রা, যেটা ছিলো নবাব সিরজের সময়ের। বাবাকে অনেকবার বলেছিলাম, ওটা বিক্রি করে দিতে, ওটার মার্কেট ভ্যালু তো অনেক। সেটাই চুরি গেলো নাকি!'

পলাশ – 'মনে হচ্ছে ওটার জন্যই, কিন্তু খুন করলো কেন? ঘুমের ওষুধ খাইয়ে অজ্ঞান করেও তো চুরি করা

যেত। নাকি অন্য কোনো রহস্য আছে! আপনি একবার আমার সাথে ওপরের ঘরে চলুন, ঘরগুলো একবার চেক্ করে নিন। আর, ওই তিন নম্বর ঘরটা কার জানেন?'

সুবিমল – 'ও, ওই ঘরটা, ওটা আমার ঘর ছিল। এখন বন্ধ থাকে। '

পলাশ – 'ওই ঘরের চাবি কার কাছে থাকে?'

সুবিমল – 'একটা আমার কাছে আরেকটা বাবার কাছে। বাবার চাবিটা ক'দিন হলো খুজে পাচ্ছিলেন না।'

পলাশ – 'আই সি। চলুন ঘরগুলো একবার দেখে আসবেন।'

সুবিমল – 'হ্যাঁ, চলুন।'

পলাশ – 'শুভবাবু, আপনারাও আসবেন নাকি?'

শুভ – 'না, আপনারা দেখে আসুন, আমি একবার নিচের ঘরগুলো আরেকবার দেখে নি।'

পলাস, সুবিমলবাবুকে নিয়ে দোতলায়ে উঠলো, শুভ আবার যে ঘরে খুন হয়েছিলো, সেই ঘরটা খুটিয়ে খুটিয়ে দেখতে লাগলো। চারদিক ফোনের ফ্ল্যাসলাইটের আলোতে দেখতে দেখতে ঘরের দরজার চৌকাটে এককোণে একটা প্যাচানো তামার তার পেলো। শুভ, ধ্রুবকে ডাকলো, 'দেখতো এই তারটা?' ধ্রুব দেখে বললো, এটা তো ফিউসের তার। এটা এখানে এলো কোথা থেকে? আর দাদা, বেলা অনেক হলো, বারোটা বাজতে চললো, এবার চলো, নাহলে লুচিতো গেলো, দুপুরের খাবারটাও জুটবে না।' শুভ সচকিতে সেলফোনটা ঘুরিয়ে দেখে বলে উঠলো, 'হ্যাঁ, এবার যেতে হবে, চল, চল। এর মধ্যে মিনুর ৩০ টা মিস্ড কল। বাড়িতে মা চন্ডি খাঁড়া হাতে দাড়িয়ে আছে, আর দেরি নয়।' যাওয়ার সময় পলাশবাবুকে একটা ম্যাসেজ করে দিলো, এখন চললুম, কি হলো জানাবেন।

বাড়ি ফিরে দুই ভাই দেখে, বাড়ি পুরোপুরি চুপচাপ, গুটিগুটি পায়ে বাড়ি ঢুকে পড়লো দুজনে। দুপুরে খাওয়ার টেবিলে কোনো কথা হলো না, সবাই চুপচাপ কচি পাঁঠার ঝোল রসিয়ে খাচ্ছে। ননী বলে উঠলো, 'বাবা, আজ দিদুনের বাড়ি যাবো, তুমি বলেছিলে আজ নিয়ে যাবে।' শুভ কিছু একটা বলতে যাচ্ছিলো, কিন্তু তার আগে, মিনু বলে উঠলো, 'তোমার বাবার সময় হবে না, আমাদের ছাড়া বাকিদের জন্য ওনার সময় আছে। আমার বাণের জলে ভেসে এসেছি।' শুভর এ কথায় খুব রাগ হচ্ছিলো, কিন্তু সেটা সামলে নিয়ে বললো, 'যাব তো, এখন তাড়াতাড়ি খেয়ে নে, তারপর একটু আরাম করে বেরোব। ঠিক আছে!' বিকেলে কথামতো, শুভ সপরিবারে শ্বশুরবাড়ি ঘুরে এলো, ফোনটা একবারের জন্য সে পকেট থেকে বের করেনি। মিনু যে সেই বেরোবার সময় সাইলেন্ট করে দিলো, এই বাড়ি ফিরে ফোন আন্লক করে দেখলো, পলাশের কয়েকটা ম্যাসেজ । মিনুকে ঘরে আসতে দেখে, ওগুলো খুলে আর দেখা হলো না। পরের সকালে অফিস যাওয়ার পথে দেখে নেবে ঠিক করলো।

পরেরদিন সকালে শুভ বেরিয়ে পড়লো অফিসের উদ্দেশ্যে। বাসে উঠে ফোন থেকে পলাশের ম্যাসেজটা পড়লো, সময় করে ফোন করবেন, মনে হচ্ছে খুনিকে পাকড়াও করে ফেলেছি। কলে সব ডিটেলে বলবো। শুভ ঠিক করলো, লাঞ্চ ব্রেকে কল করে নেবে।

দুপর ১ টার সময় লাঞ্চ ব্রেক হলে, শুভ মোবাইল থেকে পলাশকে কল করলো। পলাশ ফোন তুলে যেটা জানালো, সেটা এরকম, 'পোস্ট মার্টাম রিপোর্ট বলছে, সুনন্দার মৃত্যুর সময় রাত ১১:০০ থেকে ১২:০০ টার মধ্যে আর বৃদ্ধ ৯:৩০ থেকে ১০:৩০ র মধ্যে। সুপের বাটিতে হাই ডোসের ঘুমের ওষুধ ছিলো, আর তাতে বৃদ্ধের মৃত্যু হয়েছে, কিন্তু সুনন্দার হয়েনি, সুপ খেয়ে সুনন্দা অজ্ঞান হয়ে গেছিলো, কিন্তু মৃত্যু ঘটেনি। পরে গলার শ্বাসনলি কেটে দেওয়াতে সুননদার মৃত্যু।'

শুভ এই পর্যন্ত শুনে আশ্চর্য হয়ে গেলো।

পলাশ - 'ফরেন্সিকও কনফার্ম করেছে, সুপে ঘুমের ওষুধ ছিলো, কিন্তু ৭৫ বছরের বৃদ্ধ সেটা সহ্য করতে পারেনি, তাই তৎক্ষণাৎ মৃত্যু, তবে তিনটে বাটিতেই সেটা ছিলো, খুনি চালাকি করে, নিজে সেটা খায়েনি। পোড়া সিগারেটের ফিল্টার থেকে একজনের ডি.এন,এ পাওয়া গেছে, সেটা কার জানেন?

পলাশ – 'সুবিমলবাবুর। সুবিমলবাবুকে হেফাজতে নেওয়া হয়েছে, জিজ্ঞাসাবাদ চলছে। উনি স্বীকার করেছেন,

উনি সেখানে রাত ৯:৪৫ নাগাদ গেছিলেন, গিয়ে দরজায় কড়া নাড়াতে কেউ না খুললে, তিনি দরজা ঠেলে ঢুকে পড়েন, ঢুকে দেখেন, বাবা আর ভাইঝি ওভাবে মুখ থুবড়ে পড়ে আছে। তাদের নাড়া দিয়ে বোঝেন, ওনারা বোধ হয়ে মারা গেছেন, এটা বুঝে, ছিটকে উনি ভয়ে দরজার দিকে চলে যান, মুখ থেকে সিগারেটটা পড়ে যায়ে। তারপর ওপর থেকে কিসের একটা শব্দ পান। মনে করেন বিড়াল হয়তো, তারপর তার মনে পড়ে, এই সুজোগে সেই সিরাজের মুদ্রাটা হাতাতে পাড়লে তার অনেকদিনের আশা পুর্ন হয়ে। এই ভেবে সে ওপরে গিয়ে দেখে, বাবার ঘরের আলামরি খোলা, লকার ফাঁকা, দেখে ভয়ে পেয়ে ছাতা ফেলেই পালিয়ে যান। সিসিটিভিতে দেখাচ্ছে তিনি দৌড়ে পালিয়ে যাচ্ছেন ১০:১৫ নাগাদ। টাইমটা ম্যাচ করছে। সিসটিভিতে আরেকটা লোককে দেখা যাচ্ছে, যে একটা কালো রঙের বর্ষাতি পড়ে ৯ টা নাগাদ ওই বাড়ির দিকে গেছে, আবার ১১ টা নাগাদ ফিরেছে। বর্ষাতি থাকার দরুন তার মুখ পুরো ঢাকা ছিলো, চেনাই যায়েনি। আবার, ১২:৩০ নাগাদ আরেকটা কালো বর্ষাতি পরে লোককে ফিরতে দেখা যায়। দ্বিতীয় লোকটিকে বাড়ির দিকে যেতে দেখা যায়নি। আর ওই মেট্রোর স্মার্টকার্ডটা ক্যাসে কেনা, তাই ওটার মালিকের খবর পাওয়া যায়েনি, খালি জানা গেছে, লাস্ট দমদম থেকে শোভাবাজার এসেছে ওটা ব্যবহার করে, আর ওটা দিয়ে ওই রুটেই রোজ আপ-ডাউন করা হত। এখনো কিছু রাইড বাকি। কার্ডে কয়েকটা আঙুলের ছাপ পাওয়া গেছে, কিন্তু সেগুলো সুবিমলবাবু বা আমাদের ক্রিমিনাল রেকর্ডের কারুর সাথে মেলেনি। কার্ডের ছাপের সাথে আলমারিতে পাওয়া হাতের ছাপ এক, লকারে ও একটা সুপের বাটিতে সেই একই হাতের ছাপ। কিন্তু সেটা কার? সেটাই বোঝা যাচ্ছে না। এই দিকটাতে আর মনে হচ্ছে এগনো যাবে না, আর কোনো সূত্রই তো পাওয়া যাচ্ছে না। সুবিমলবাবুকে চেপে ধরে উত্তম মধ্যম দিয়ে কিছু আদায় করা যায়ে কিনা দেখবো একবার।'

শুভ সবকিছু মন দি্য়ে শুনে বললো, 'সুবিমলবাবু যখন বাড়িতে ঢোকেন, তখন কি তিনি নিশ্চিত করে বলতে পারেন, ওনার বাবা আর ভাইঝি তখন মৃত।'

পলাশ – 'একবার বলছেন, নিশ্চিত, আবার বলছেন, নিশ্চিত নন। খুবই কনফিউস্ড!'

শুভ – 'আর, উনি যখন ওই বাড়ি গেছিলেন, তখন কি বডি দুটির শ্বাসনলি কাতা অবস্থায় দেখেছেন?'

পলাশ – 'ও হ্যাঁ, এটা বলতে ভুলেই গেছিলাম, ওনার কথা অনুযায়ী, উনি যখন বাড়িতে ঢোকেন, তখন কোনো রক্ত দেখতে পাননি, খালি বাবা আর ভাইঝিকে টেবিলে মুখ থুবড়ে পড়ে থাকতে দেখেছিলেন।'

শুভ – 'বুঝলাম। আর কিছু?'

পলাশ – 'সুনন্দার অফিসে খোঁজ নিয়েছি, সন্দেহজনক কিছু পাইনি, অফিসে সেরকম কারুর সাথে কথা ছিলো না, নিজের কাজ শেষ হয়ে গেলে, বাড়ি ফিরে আসতো। আর, সুনন্দার কললিস্ট চেক করেছি, সেরকম অস্বাভাবিক কিছু পাইনি, চাইলে আপনাকে কল ডিটেলস্ পাঠাতে পারি। আর বডিদুটির ফটো আর পুরো স্পটে ফটোগুলো রেডি আছে, সময়মতো নিয়ে যাবেন।'

শুভ – 'ধন্যবাদ, অফিস ফেরতা নিয়ে নেব।'

আফিস ফেরতা সুনন্দার কল ডিটেলস্ আর ছবিগুলো থানা থেকে নিয়ে আসার সময়ে, সুবিমল গারদ থেকে কাঁদো কাঁদো গলায় বললো, 'শুভ, আমাকে বাঁচাও, এরা আমাকে ফাঁসিতে ঝোলাবে।' বেঞ্চে দেখা গেলো, সুবিমলবাবুর ছেলেকে, ফ্যাকাসে মুখ। শুভ তার কাঁধে হাত বুলিয়ে ভরসা দিয়ে বললো, 'আমার যতটা সম্ভব করব, চিন্তা করিস না, সব ঠিক হয়ে যাবে।' বাড়ি ফিরে ফ্রেস হয়ে, ছবিগুলো নাড়াচাড়া করে। ঘরে ধ্রুবকে ঢুকতে দেখে, তাকে সবকিছু খুলে বললো, শুনে ধ্রুব বললো, 'হ্যাঁ, তাই তো, ওইদিন কাকুকে দেখলাম ১০টা নাগাদ, আমি তখন হরিয়ার দোকান থেকে রাতের রুটি কিনছি, কাকুকে ডাকলাম, কাকু অন্যোমনস্ক হয়ে অটোতে উঠে চলে গেলো, যেন শুনতেই পেলো না।'

শুভ – 'তুই যখন বেরিয়েছিলি, তখন কালো বর্ষাতি পড়ে কাউকে দেখেছিলি?'

ধ্রুব অনেক ভেবে উত্তর দিলো, 'না, কালো বর্ষাতি পড়ে কাউকে দেখিনি, তবে---'

শুভ – 'তবে কি?'

ধ্রুব – '৮:৩০ টা নাগাদ, আমি যখন হরিয়ার দোকানের দিকে যাচ্ছি, তখন একজন ডিপ নীল রঙের বর্ষাতি পড়ে আমাদের গলিতে ঢুকতে দেখেছিলাম। তারপর আর তাকে দেখিনি।'

শুভ – 'হুম।'

অনেক ভেবেও সেই কালো বর্ষাতি পরিহিত জনৈক ব্যাক্তির সন্ধান পাওয়া গেলো না। পুলিসও, সুবিমলবাবুকে মারধর করেও কিছুই আর কথা বার করতে পারলো না। এভাবে কিছুদিন কেটে গেলো।

এক রবিবার শুভর বাড়ির ইলেক্ট্রিক লাইনের একটা প্রোবলেম দেখা দিল, শুভর ঘরে আলো, পাখা, এসি, কিছুই চলছে না, শুভ মোবাইলে কল করে, তাদের পাড়ার ইলেক্ট্রিক মিস্ত্রী গোবিন্দকে ডাকল। গোবিন্দ পাড়ার প্রায়ে সব বাড়িতেই কাজ করেছে, সব বাড়ি তার নখদর্পণে। সকালে খবর দিলে, গোবিন্দ এলো বেলা ১১:৩০ এ। এসে বললে, 'মাফ করবেন, রাস্তগাটের যা অবস্থা, মেট্রোর দয়ায়, বাস তো এখন গরুরগাড়ি।' শুভ বললো, 'কেন, তুমি এ পাড়ায় থাকো না?' গোবিন্দ বললো, 'না, দাদাবাবু, আমি আসি সেই দমদম থেকে। এতদিন মেট্রোতেই আসতাম, কদিন হলো, স্মার্টকার্ডটা খোয়া গেছে, তাই বাসে যাতায়াত করছি।' এটা শুনে, শুভ চমকে উঠলো, মনে মনে বললো, 'যে স্মার্টকার্ডটা পাওয়া গেছে, সেটাও তো দমদম থেকেই লাস্ট এসেছিলো। তাহলে কি এই গোবিন্দই কি সেই খুনি? কিন্তু কেন খুন করবে?' তারপর গোবিন্দ পকেট থেকে ফিউসের তার বার করছে দেখে, মার্ডার স্পটে পাওয়া তামার তারের কথা মনে পড়ে গেলো। গোবিন্দ কথা বলতে শুরু করতে শুভর টনক নড়লো, গোবিন্দ বলে চললো, 'কবে থেকে বলছি, এসব কিটকাট ছাড়ুন, নতুন ফ্লিপ স্যুইচ লাগান, আপনি তো শোনেনই না। দেখুন, এবার লাইন অন্ হলো কিনা?' মিনু ওপর থেকে বললো, 'আলো, পাখা, এসি চলছে, সব ঠিক আছে।' গোবিন্দ বললো, 'যাকগে, লাইন সব অলরাইট। যা গরম পড়েছে, আমাকে এক গ্লাস জল খাওয়াবেন?'

শুভ – 'হ্যাঁ, নিশ্চয়ই, আমারই উচিত ছিলো---- এই ননী, মাকে বলতো, জল আর কিছু খাবার নিয়ে আসতে।' গোবিন্দ লজ্জায়ে বললো, ' আবার খাবার কেনো, আমার ২০০ টাকা হয়েছে, ওটা দিয়ে দিন, আমি বেরোই।'

শুভ – 'আরে বসো না, আজ কচুড়ি আর আলুর দম হয়েছে, খেয়ে যাও, এ আর কোথাও পাবে না।'

ননী কিছুক্ষণ পরে, একটা থালায় চারটে কচুড়ি আর একবাটি আলুর দম নিয়ে এলো আর গোবিন্দকে দিলো। গোবিন্দ থালাটি নিয়ে টেবিলে রেখে জিজ্ঞেস করলো, 'হাতটা ধোবো, একটু বেসিনটা দেখিয়ে দেবেন?' শুভ ননীকে বেসিনটা দেখিয়ে দিতে বললো। হাত ধুয়ে, গোবিন্দ তৃপ্তি করে কচুড়ি আর আলুর দম খেলো, তারপর এক গ্লাস জল খেয়ে বললো, 'একটু দেখিয়ে দিন, কোথায় গিয়ে এটা ধুয়ে দেবো?' শুভ বললো, 'তুমি মাজতে যাবে কেন? দুপুরে কাজের লোক আসবে সে সব মেজে দিয়ে যাবে, ওটা ওই বেসিনের নিচে রেখে আসলেই হবে।'

গোবিন্দঙ্ক সেইমতো বেসিনের তলায়ে রেখে হাত ধুয়ে, টাকা নিয়ে নমস্কার করে বেরিয়ে গেলো। গোবিন্দ বেরিয়ে যেতেই, শুভ পলাশকে মোবাইলে কল করলো, বললো, 'মনে হচ্ছে, খুনি ধরা দিয়েছে, আমি একটা ফিঙ্গারপ্রিন্ট নিয়ে আসছি, ওটা দেখুন ম্যাচ করে কিনা, করে গেলে কেস সলভ্ড।'

পলাশ – 'ঠিক আছে, নিয়ে আসুন, আমি থানাতেই আছি।'

শুভ আধঘন্টার মধ্যে থানায় সেই গোবিন্দর জল খাওয়া গ্লাসটা একটা জিপলক প্যাকেটে করে নিয়ে গেলো। পলাশ সেটা তৎক্ষণাৎ ফরেন্সিকে পাঠিয়ে দিল আর বললো, 'আজ তো রবিবার, কাল দুপুর নাগাদ রিপোর্ট চলে আসবে। পজিটিভ হলে লোকটকে তুলে নেব। লোকটির নাম কি, কোথায়ে থাকে?'

শুভ – 'লোকটির নাম গোবিন্দ নস্কর, ইলেক্ট্রীক মিস্ত্রী, আমাদের পাড়ার সব ইলেক্ট্রীক লাইন ওই দেখে। একটা দোকান আছে ওই নন্দরাম সেন ষ্ট্রীটে, কাউকে জিজ্ঞেস করলেই দেখিয়ে দেবে। বোঝাই যাচ্ছে ওই সিরাজের মুদ্রার জন্যই খুন করেছে, কিন্তু মুদ্রার কথা জানতে পারলো কি করে? যাই হোক, রিপোর্টটা আসুক আগে, আজ চললাম।'

পলাশ – 'রিপোর্ট হাতে পেয়েই খবর দিচ্ছি।'

পরদিন অফিসে, লাঞ্চব্রেকে পলাশের ফোন এলো, 'ভালো খবর, ফিঙ্গারপ্রিন্ট ম্যাচ করেছে। এখুনি বেরোচ্ছি গোবিন্দকে পাকড়াও করতে। থ্যাঙ্ক ইউ স্যার।'

শুভ অফিস ফেরতা একবার থানায় গেল। শুভকে দেখে, পলাশ তাকে বসতে বললো, তারপর গোবিন্দর সাথে যা কথা হয়েছে, তা বললো, 'প্রথমে তো, কিছুতেই স্বীকার করে না, তারপর দুটো দিতেই পুরো বমি করে দিল। ওর কথা অনুযায়ী, ওই শুক্রবার সকালে, সুনন্দা তাকে ডেকেছিল, দোতলার লাইনে একটা প্রোবলেম দেখার জন্য, সেটা দেখতে গিয়ে, শুনতে পায়ে, বুড়োদাদু বলছে, এই কয়েনটা অনেক দামি, এখন প্রায়ে লাখ টাকা তো হবেই।  বাড়িতে

এটা রাখা আর নিরাপদ নয়ে, ভেবে পাচ্ছি না কি করবো এটা নিয়ে। দাদু-নাতনি লক্ষ্য করেনি, গোবিন্দ ওদের কথা শুনছিলো আড়াল থেকে। তক্ষনি সে ঠিক করে, কয়েনটা হস্তগত করতে হবে। এখন তার দমদমে ঘর আর শোভাবাজারে দোকান ঘর দুটোই ভাড়ায়, কয়েনটা বেচতে পারলে, ঘরদুটো তার নিজের হবে, আর ভাড়া দিতে হবে না। সেই মতো একটা নীল বর্ষাতি পড়ে ওইদিন রাত ৯ ট নাগাদ সুপ আর পাউরুটি কিনে, গৌরহরিবাবুর বাড়িতে গেল। ভেতরে ঢুকে তিনজনে খেতে বসলো, সুপে ঘুমের ওষুধ আগেই মিশিয়ে রেখেছিল, তাই সে শুধু খাওয়ার ভান করছিলো, দাদু আর নাতনি অজ্ঞান হয়ে গেলে, সে দোতলায়ে দাদুর ঘরে চলে গেলো। আলমারির চাবিটা সে, বিছানার বালিসের তলায়ে পায়ে, সেটা দিয়ে আলমারি খোলার সময়ে নিচে কারুর চলাচলের শব্দ পায়ে, তখনি সে, খাটের তলায় লুকিয়ে পড়ে। সেখান থেকে দেখতে পায়ে, সেই লোকটি আলমারির লকার খুলে কয়েনের বাক্সটা পকেটে পুড়ে নিল। অন্ধকারে তার মুখটা স্পষ্ট করে দেখতে পায়েনি। লোকটি বাড়ি থেকে বেরোবার সময় বারান্দা থেকে, গোবিন্দ রাস্তার আলোয়ে লোকটিকে দেখেছে, বলেছে, আবার দেখলে চিনতে পারবে। তারপর নিচে নেমে এসে দৌড়ে পালিয়ে যায়ে, যাওয়ার সময়ে সম্ভবত পকেট থেকে ওই কার্ডটা পড়ে গেছিল।'

শুভ – 'আর ওই ফিউসের তারটাও।

পলাশ – 'ফিউসের তার?'

শুভ – 'না, ওটা কিছু নয়, তারপর---'

পলাশ – 'বেরোবার সময়ে সুপের প্যাকেট নিয়ে বেরিয়ে আসে আর জঞ্জালে সব ফেলে দেয়।

শুভ – 'তার মানে, চুরি সে করেনি? হুম, ঘর, দোকান ঘর সার্চ করেছেন? কী পেয়েছেন?'

পলাশ – 'বাড়ি থেকে নীল বর্ষাতি, সিসিটিভিতে যেটা কালো দেখাচ্ছিলো, আর কিছু পাইনি।'

শুভ – 'সেই লোকটিকে শনাক্ত করেছে?'

পলাশ – 'হ্যাঁ, করেছে, (হেসে) সে থানাতেই ছিল। সুবিমলবাবু।'

শুভ – (রেগে) 'কাকাবাবু, এভাবে মিথ্যে বললো! আর সুনন্দাকে কে খুন করেছে?'

পলাশ – 'সেটা আরেক রহস্যের, দুজনেই স্বীকার করছে না যে সে মেরেছে। আরো জানতে পেরেছি, ইদানিং সুবিমলবাবুর বাজারে অনেক দেনা হয়ে গেছিল, ব্যবসাও ভালো চলছিলো না, ফলে অনেক টাকার প্রয়োজন। সেজন্য কয়েনটা নিয়ে সে পালিয়ে যায়ে। কিন্তু ভাইঝিকে সে খুন করেনি। আর, শুনলাম, সুবিমলবাবুর ছেলের চাকরিও নাকি ক'মাস হলো নেই, অফিসের লেওফ্রের পরিনাম। ভাবছি, দুজনকে নিয়ে একসাথে বসবো, একসাথে জেরা করা হবে। দেখি কিছু বের হয়ে কিনা। আপনি চাইলে থাকতে পারেন।'

শুভ – 'কাল তো মঙ্গলবার, অফিসে সেরকম কাজ থাকবে না, তাড়াতাড়ি বেরিয়ে থানায় চলে আসবো।'

পলাশ – 'তাহলে, সেই কথাই রইলো, কাল বিকেল ৬ টা।'

পরদিন বিকেলে একটা ছুতো করে অফিস থেকে বেরিয়ে গেলো শুভ। সোজা পৌঁছে গেল শ্যামপুকুর থানা।

অন্ধকার ঘর, মাঝে একটা আলোর বাতি ঝুলছে, তার নিচে একটা টেবিল। টেবিলের দু'পাশে দুটো করে বসার চেয়ার। পলাশ দুজন আসামীকে নিয়ে তৈরী ছিলো, শুভ যেতেই জেরা শুরু হয়ে গেল। পলাশ আর শুভ একদিকে আর অন্যদিকে আসামী দুজন। পলাশ প্রশ্ন শুরু করলো, 'আপনাদের মধ্যে কে সুনন্দাকে খুন করেছে? বলে ফেলুন, নাহলে আবার আমাকে কষ্ট করতে হবে, আপনাদেরো সেটা ভালো লাগবে না, একবার সেই কষ্ট করেছি, আবার করাবেন? সুবিমলবাবু, আপনার বাড়ি সার্চ করে, কয়েনটা পাওয়া গেছে, আপনি আর কিছু কি বলতে চান?' সুবিমল মাথা নিচু করে বসে ছিলো, শুভর দিকে মুখ তুলে তাকাতে পারছে না। শুভ বললো, 'আর মুখ নিচু করে কি হবে, যা করেছেন, তার ফল তো ভোগ করতেই হবে। চুরি, খুন, তোমাকে আমি এতটা ভুল চিনলাম।'

সুবিমল এবার মুখ তুলে চাইল, চিৎকার করে বললো, 'আমি খুন করিনি, নন্দা আমার মেয়ের মতো, আগের বছর জন্মদিনে ওকে ভালোবেসে মোবাইল কিনে দিয়েছিলাম, আমি ওকে খুন করিনি। তোমরা বিশ্বাস না করলেও, এটাই সত্যি।'

গোবিন্দ মুখে একটাও কথা বললো না, চুপচাপ সব শুনছিলো। পলাশ বললো, 'এই, তুমি একে সুনন্দাকে খুন

করতে দেখেছো? দেখেছো কিনা বলো?'  ।'

গোবিন্দ ঢোক গিলে বললো, 'আজ্ঞে হ্যাঁ, উনিই খুন করেছেন। আমি এই সচক্ষে দেখেছি।'

পলাশ – '(হেসে) তাই নাকি, এই যে বললেন, বারান্দা দিয়ে ওনাকে বাড়ি থেকে চলে যেতে দেখেছেন, (রেগে গিয়ে টেবিলের ওপর লাঠি দিয়ে আঘাত করে) কোনটা সত্যি?'

গোবিন্দ ঘাবড়ে গিয়ে বললো, 'না, খুন করতে দেখিনি।'

পলাশ বিরক্ত হয়ে উঠে গেলো, শুভ সুবিমলকে ফিসফিস করে বললো, 'কাকু, আমাকে বিশ্বাস করে সত্যিটা বলুন, তাতে আপনারই ভালো হবে।' সুবিমল একবার মুখ তুলে আবার নামিয়ে নিল। মুখে কিছু বললো না। বোঝাই যাচ্ছে, কিছু লুকোচ্ছেন। আবশেষে শুভও বেরিয়ে গেলো।

পরে পলাশের কাছে জানতে পেরেছিলো, পুলিস, দু'জনের নামেই চার্জসিট ফাইল করেছিলো, কিন্তু সুনন্দার খুনি ধরা পড়েনি। কিন্তু শুভ আন্দাজ করতে পারে, খুনি কে? কিন্তু সেটা কাউকে বলা যাবে না।

বিশেষ কৃতজ্ঞতা – নন্দিতা গুঁই ও দেবাঞ্জন দত্ত

---




Inder Arora,
Broker Owner
AIM REALTY
9027 Hampton Landing Drive East
Jacksonville, FL 32256
(904) 910-9814


JITENDRA PRUSTY
REALTOR
JITENDRA PRUSTY
LA ROSA REALTY NORTH FLORIDA LLC.
C: +1 (240) 441-4161
jitendra.prusty@gmail.com
RESIDENTIAL/COMMERCIAL/PROPERTY MANAGEMENT
9250 Baymeadows Rd.
Ste#230 Jacksonville FL 32256
CardUP! ™


COMMERCIAL
REAL ESTATE
Jitendra Prusty
Commercial Real Estate
(240) 441-4161
jitendra.prusty@larosacre.com
larosacre.com
CCPP
ICSC

# সুবন্ধু সমীপেষু : পর্ব -এক





কোনো এক স্কুলের সাহিত্য ক্লাসে প্রৌঢ় শিক্ষক এসে বোকা বোকা কথা বলা ভালো স্টুডেন্ট মেয়েটিকে বললো ," মা , বলোতো রুবাইয়েত কবিতার রচয়িতার নাম কি এবং কোন দেশের ?"

মেয়েটি কোনো ভাবেই কবির নামের শেষের অংশটা মনে করতে পারছিলো না | ভয়ে ভয়ে উত্তর দিলো," স্যার , পার্সিয়ান কবি ওমর কবিয়াল । "

শিক্ষক কোনো ধমক ছাড়াই মৃদু হেসে, " নামের শেষের অংশটা মনে করতে পারছো না বুঝি ! খৈ খেতে তো আমরা সবাই ভালোবাসি তাই না ! তার সাথে আম মিশিয়ে নাও , হয়ে গেলো খৈয়াম । কবির নাম ওমর খৈয়াম । মনে রাখতে পারবে ,এবার? "

স্কুলে সবচেয়ে কঠোর শিক্ষক হিসেবে পরিচিত ওই শিক্ষকের থেকে এমন সুন্দর উত্তর শুনে তো মেয়েটি অবাক হয়ে গেলো ।

সানন্দে মাথা নাড়িয়ে বললো , " হা স্যার , খুব মনে থাকবে।"

স্কুলে সবচেয়ে কঠোর শিক্ষক হিসেবে পরিচিত ওই শিক্ষকের থেকে এমন সুন্দর উত্তর শুনে তো মেয়েটি অবাক হয়ে গেলো । সানন্দে মাথা নাড়িয়ে বললো , " হা স্যার , খুব মনে থাকবে।"

আসন্ন শুক্রবার মেয়েটির গানের স্কুলের বার্ষিক অনুষ্ঠান । গানের শিক্ষক মেয়েটিকে করতে বলেছে "আজ কাঁদে কাননে" গানটি । একজন এর পর একজন গাইলো । মেয়েটিও গাইলো। গান শেষে টিচার এসে জিজ্ঞেস করলো " আরে ! গান এর music আর ' আ আ' গুলু গেলো কোথায় ! এইগুলা তো নজরুল গীতির অলংকার - এইগুলা বাদ দিলে হয়!"

মেয়েটি বললো " স্যার , আমি সেটা compose করার সময় পাই নি. কিন্তু তারপরও এই বছর অনুষ্ঠানটা আমি স্কিপ করতে চাই নি । কারণ তারপর আমার এসএসসি পরীক্ষা , পরে কলেজ এ ভর্তি হবো । বাড়ি থেকে কেও চাইছে না গান করি । বাড়ির লোকেদের ধারণা গান গাইলে পড়ালেখার মনোযোগ কমে যায় । তাই হয়তো আর করা হবে না |" গানের শিক্ষক খুব অবাক হয়ে তাকিয়ে রইলো !

এক সপ্তাহ পর গানের টিচার ফোন করে মেয়েটিকে বললো , " সেদিনের গানের প্রোগ্রামএ প্রধান অতিথি হিসেবে যে মেজিস্ট্রেট ম্যাডাম এসেছিলাম উনি তোমাকে একটা গিফটবক্স দিয়ে গেছেন। তুমি পারলে স্কুলে এসে একদিন নিয়ে যেয়ো "

একটা লাল বাক্স নিয়ে মেয়েটি বাড়ি ফিরলো । বাক্স খুলতেই ভেতরে একটি ছোট নোট চোখে পড়লো - " This is for someone very sweet" |

মেয়েটির মনে কেমন যেন এক অদ্ভুত অনুভূতি হতে লাগলো । একজন অজানা অচেনা মানুষ যাকে আগে কোনোদিন দেখি নি হয়তো কোনো দিন আর দেখাও হবে না সে কেন গিফট দেবে আমায় !! তার কথা হয়তো সারাজীবন আমার মনের ভেতর এ থেকে যাবে এক অদ্ভুত ভালোবাসায় মোড়া । পৃথিবী এক অদ্ভুত জায়গা , কার কাছে কাকে ভালো লেগে যায় কেও বলতে পারে না!

স্কুল কলেজে খুব ভালো রেজাল্ট করে যথা সময়ে মেয়েটি দেশের সবচেয়ে সনামধন্য ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটিতে

ভর্তি হয়ে গেলো

ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটির শান্তশিষ্ট এক ছেলে ক্যাম্পাসের সদাহাস্যময়ী বোকা বোকা কথা বলা জুনিয়র মেয়েটিকে বললো, "তুমি কি আমার BF হবে? "

মেয়েটি হেসে বললো ," BF এর মানে কি সেটা তো আগে বলুন |"

ছেলেটি উত্তর দিলো " Best Friend|"

মেয়েটি আবারো হেসে বললো , " ওই position টা তো খালি নেই। আপাতত নাঈমা আমার BF. তবে কারো ফ্রেন্ড হতে আমার ভালোই লাগবে। "

গ্রাডুয়েশন শেষে ছেলেটি দেশের বাইরে চলে গেলো।

হঠাৎ একদিন ছেলেটির মা ফোন করে বললো , " আমার ছেলের ফোন থেকে তোমার নাম্বার পেয়েছি। আমার তো একটাই ছেলে আর কোনো সন্তান নেই। সে তো বিদেশ চলে গেছে। আমি কি তোমার সাথে দেখা করতে পারি। একটু গল্প করতে আমার ভালো লাগবে। "

মেয়েটি হেসে বললো , " আচ্ছা ঠিক আছে। কিন্তু আন্টি, আজকে আমি নিউ মার্কেট এ বান্ধবীদের সাথে ফুচকা খেতে যাবো , একটা শাড়ী কিনবো পহেলা ফাল্গুন এর প্রোগ্রাম এর জন্য, তাই রেডি হচ্ছি। পরে আপনাকে কল দিবো।"

ছেলেটির মা উত্তর দিলো , " সব সময় তো বান্ধবীদের সাথে যাও , আজ আমার সাথে যাবে ? আমি তাহলে তোমার হোস্টেলে আসবো।"

মেয়েটি হঠাৎ চুপ হয়ে গেলো। ভাবতে লাগলো এত কম পরিচয়ে কারো সাথে দেখা করা কি ঠিক হবে! কিন্তু তারপর কেমন যেন প্রচন্ড মায়া হতে লাগলো।

একটু ভেবে বললো , " আচ্ছা , আজ আমি আমার বান্ধবীদের জানিয়ে দিচ্ছি আমি ওদের সাথে যাবো না। আপনি রেডি হয়ে চলে আসুন আমার এখানে। "

ছেলেটির মা মেয়েটির হোস্টেলের সামনে চলে এলো | একজন ঘোমটা দেয়া মহিলা সারাক্ষন মেয়েটিকে দেখছিলো , বিভিন্ন কিছু জিজ্ঞেস করছিলো , মেয়েটির সাথে কথা বলে খুব উচ্ছাসিত ছিল। একজন শ্যামলা খাটো মেয়ের সাথে সময় কাটিয়ে কেও এত খুশি হতে পারে ! মেয়েটি অবাক হয়ে গেলো ! ছেলেটির মায়ের চোখে মেয়েটি তার জন্য অনেক ভালো লাগা আর মুগ্ধতা দেখতে পেলো। আর ভালোবাসা পেতে কার না ভালো লাগে!

কিছুক্ষন পরেই মেয়েটির ফোন বেজে উঠলো! কানে কানে ছেলেটি বললো , " এবার তবে তুমি আমার সত্যিকারের BF হয়ে যাও। "

মেয়েটি বললো , " এই BF এর মানে কি ?"

ছেলেটি উত্তর দিলো " Be Forever I "

সত্যি বলতে কি ছেলেটির সাথে কথা বলতে বলতে মেয়েটির তাকে ভালো লেগে গিয়েছিলো। মেয়েটি সানন্দে রাজি

হয়ে গেলো ! হাসতে হাসতে বললো , " হ্যাঁ , হবো।"

(To be continued. Part 2 of the story will come in the next "pujo samoyiki / jagitri")

-পদ্মজা রায়, সেপ্টেম্বর , ২০২৫

THE THAYVER GROUP REAL ESTATE

# Work with The Best !



North East Florida's
Top 5
Trusted Real Estate Agent

## SHANKAR THAYVER

(904) 327 3329
www.thayvergroup.com
www.zillow.com/profile/thethayvergroup

B U Y | S E L L | I N V E S T

*Best Wishes from*

# Sushila's
## BEAUTY CARE



### Our Locations

**Jacksonville**
5111 Baymeadows Rd Unit 18
Jacksonville, FL 32217
904-731-7010

**Hours**
Monday: Closed
Tues-Sun: 11am - 8pm

**St. Johns**
155 Fountains Way, Suite 5
St. Johns, FL 32259
904-209-5853

**Hours**
Monday: Closed
Tues-Sun: 10am - 7pm

**Gift cards and e-gift cards are available!**

### Main Services

- Eyebrow threading
- Waxing
- Facials
- Microdermabrasion
- Hydrafacials
- Makeup
- Henna tattoos
- Hair treatments
- Manicure and pedicure










### Professional Products We Carry

blinc
dermalogica
GEHWOL
Everything for the well-being of the feet.
REVITALASH COSMETICS
jane iredale
THE SKINCARE MAKEUP
MOROCCANOIL.

**Visit us at**
**sushilabeautycare.com**
for more info and online booking